আরও
চাকরির খবর
ভেতরের পাতায়

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

পি এস সি-র মাধ্যমে
মিসলেনিয়াস
প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৮

বর্ষ ৪৭ সংখ্যা ৫ কলকাতা বুধবার, ১৯ অগস্ট ২০২৬/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ১ ভাদ্র ১৪৩৩ দাম ৭.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

# দেশ জুড়ে রেলে ৩৯৯৩

## জুনিয়র ইঞ্জিনিয়ার ও ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট

জুনিয়র ইঞ্জিনিয়ার এবং ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট পদে দেশ জুড়ে ৩,৯৯৩ জন কর্মী নিয়োগ করবে ভারতীয় রেল। নিয়োগ করা হবে কলকাতা, মালদা, শিলিগুড়ি-সহ মোট ২১টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের (আরআরবি) মাধ্যমে। এই নিয়োগের সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: ০৪/২০২৬।

আরআরবি অনুসারে শূন্যপদের বিন্যাস: কলকাতা: জুনিয়র ইঞ্জিনিয়ার: ৩৮৬টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ৭১টি। মালদা: জুনিয়র ইঞ্জিনিয়ার: ৩০টি। শিলিগুড়ি: জুনিয়র ইঞ্জিনিয়ার: ৯২টি। আহমেদাবাদ: জুনিয়র ইঞ্জিনিয়ার: ১২৫টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ১৮টি। আজমের: জুনিয়র ইঞ্জিনিয়ার: ২৪২টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ১০টি। ব্যাঙ্গালোর: জুনিয়র ইঞ্জিনিয়ার: ২৭৭টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ২১টি। ভোপাল: জুনিয়র ইঞ্জিনিয়ার: ১০৭টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ৬টি। **ভুবনেশ্বর:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ৭৯টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ৭টি। **বিলাসপুর:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ১১৬টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ৮টি। **চণ্ডীগড়:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ১৬৮টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ১৫টি। **চেন্নাই:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ৩২৬টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ৩৬টি। **গোরখপুর:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ১৮৮টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ১০টি। **গুয়াহাটি:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ৩০৪টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ২৫টি। **জম্মু-শ্রীনগর:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ১৩২টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট:

*এরপর দুয়ের পাতায়*

# স্টেট ব্যাঙ্কে ৭৬৮০

## জুনিয়র অ্যাসোসিয়েট

জুনিয়র অ্যাসোসিয়েট (কাস্টমার সাপোর্ট অ্যান্ড সেলস) পদে ৭,৬৮০ জনকে নেবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। ক্লারিক্যাল ক্যাডারে নিয়োগ করা হবে দেশ জুড়ে বিভিন্ন সার্কলে। ৬ মাসের প্রবেশন। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CRPD/CR/2026-27/17

যে-রাজ্যের শূন্যপদে আবেদন করবেন, প্রার্থীকে সে-রাজ্যের স্থানীয় ভাষা জানতে হবে। তাই এখানে পশ্চিমবঙ্গের জন্য নির্দিষ্ট ৫৫৫টি শূন্যপদের বিষয়ে জানানো হল।

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ২২৪, তফসিলি জাতি ১২৭, তফসিলি উপজাতি ২৭, ওবিসি ১২২, আর্থিক ভাবে অনগ্রসর ৫৫। এর মধ্যে দৈহিক প্রতিবন্ধীদের জন্য ২৩টি, প্রাক্তন সমরকর্মীদের জন্য ৫৫টি এবং দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য ২৪টি শূন্যপদ সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও

*এরপর তিনের পাতায়*

# রাজ্য সরকারের ১৮ হাজার শূন্যপদে দ্রুত নিয়োগের উদ্যোগ

**নিজস্ব প্রতিনিধি:** রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে এমন ১৮ হাজার চাকরি রয়েছে যার জন্য প্রচুর চাকরিপ্রার্থী আবেদন করেছেন এবং নিয়োগ পরিচালনাকারী সংস্থা, পাবলিক সার্ভিস কমিশনের পরবর্তী পদক্ষেপের জন্য অপেক্ষা করছেন। এর মধ্যে ৮,০০০ শূন্যপদে নিয়োগের প্রক্রিয়া শুরু হতে চলেছে।

**৮,০০০ শূন্যপদে নিয়োগের প্রক্রিয়া শুরু হবে আগামী কয়েক সপ্তাহে**

১১ অগস্ট পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের (পিএসসি) নবনিযুক্ত চেয়ারম্যান অনিল ভার্মা সাংবাদিকদের জানিয়েছেন, এই মুহূর্তে নিয়োগের অপেক্ষায় থাকা ১৮ হাজারের মতো শূন্যপদে ১৩ লক্ষ প্রার্থী আবেদন করে রেখেছেন। তিনি জানান, প্রার্থী বাছাই পরীক্ষার ফল প্রকাশ এবং স্বচ্ছতার সঙ্গে নিয়োগের প্রক্রিয়া পরিচালনা করার উদ্যোগ নেওয়ার জন্য মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছেন। কয়েক সপ্তাহের মধ্যে প্রথম পর্যায়ে ৮,০০০ শূন্যপদে নিয়োগের প্রক্রিয়া শুরু হয়ে যাবে।

### হিন্দুস্তান অ্যারোনটিক্সে

# ৬২৭ অ্যাপ্রেন্টিস

বিভিন্ন শাখায় ৬২৭ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড (হ্যাল)। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট, ডিপ্লোমা, নন-টেকনিক্যাল গ্র্যাজুয়েট এবং আইটিআই ক্যাটেগরিতে ১ থেকে ২ বছরের ট্রেনিং দেওয়া হবে নাসিকে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। যাঁরা ইতিমধ্যেই অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিচ্ছেন বা নিয়েছেন, তাঁরা আর আবেদন করবেন না। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: HAL/T&D/1614/2026-27/264 এবং HAL/T&D/1614/2026/265.

ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট: মোট আসন ১৩৩টি। শাখা অনুসারে আসনসংখ্যা— অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং/অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং: ৮টি। কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ইনফর্মেশন টেকনোলজি: ৮টি। সিভিল

*এরপর সাতের পাতায়*

### ইন্ডিয়ান অয়েলে

# ৪৭০ অফিসার

ইঞ্জিনিয়ার, অফিসার, ল অফিসার, অ্যাসিস্ট্যান্ট কোয়ালিটি কন্ট্রোল অফিসার, জুনিয়র ইঞ্জিনিয়ার ও জুনিয়র অফিসার পদে ৪৭০ জনকে নেবে ইন্ডিয়ান অয়েল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: IOCL/CO-HR/Rectt/2026/01.

ইঞ্জিনিয়ার/অফিসার পদে নিয়োগ করা হবে এই সব শাখায়: কেমিক্যাল, মেকানিক্যাল, সিভিল, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন এবং ইনস্ট্রুমেন্টেশন। শাখা অনুসারে শূন্যপদ: সিভিল ৬২টি, কেমিক্যাল ১৬টি, ইলেক্ট্রিক্যাল ৭৫টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ৩২টি, মেকানিক্যাল ১১৮টি, ইনস্ট্রুমেন্টেশন ৩৫টি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি ২২টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় গ্র্যাজুয়েট। অন্তত ৬৫ শতাংশ (তফসিলি ও দৈহিক

*এরপর তিনের পাতায়*

### প্রতিরক্ষা দপ্তরে

# চাকরি

সিভিলিয়ান মোটর ড্রাইভার, ট্রেডসম্যান মেট, ফায়ারম্যান ও লিডিং ফায়ারম্যান পদে ৫২ জনকে নিয়োগ করা হবে ব্যাঙ্গালোরের আর্মি সার্ভিস ক্যরে। ফায়ারম্যান পদের ক্ষেত্রে শুধুমাত্র পুরুষরাই আবেদন করবেন।

**শূন্যপদের বিবরণ: সিভিলিয়ান মোটর ড্রাইভার (অর্ডিনারি গ্রেড):** ৬টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। কেবল প্রাক্তন সমরকর্মীরাই আবেদন

*এরপর দুয়ের পাতায়*

### এনটিপিসি গ্রিন এনার্জিতে

# ১৪৬ ইঞ্জিনিয়ার ও এক্সিকিউটিভ

ইঞ্জিনিয়ার ও এক্সিকিউটিভ পদে ১৪৬ জনকে নেবে এনটিপিসি গ্রিন এনার্জি লিমিটেড। ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে নিয়োগ করা হবে সিভিল, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল-সহ ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায়। নিয়োগ করা হবে ৩ বছরের চুক্তিতে। চুক্তির মেয়াদ আরও ২ বছর বাড়ানো হতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 04/26.

ইঞ্জিনিয়ারিং শাখা অনুসারে শূন্যপদের বিবরণ: সিভিল ৪৩, ইলেক্ট্রিক্যাল ৬৯, মেকানিক্যাল ৯, সেফটি ৭।

এক্সিকিউটিভ শাখার ক্ষেত্রে শূন্যপদ: হিউম্যান রিসোর্স ৪, ফিনান্স ৯, কর্পোরেট সোশ্যাল রেসপন্সিবিলিটি ৫।

ফিনান্স শাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে ১ বছর এবং অন্যান্য শাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ngel.in দরখাস্ত করা যাবে ৭ সেপ্টেম্বর পর্যন্ত। এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### ইনকাম ট্যাক্সে

# খেলোয়াড়

বিভিন্ন বিভাগে ৮৫ জন খেলোয়াড় নেবে ইনকাম ট্যাক্স। স্টেনোগ্রাফার গ্রেড টু, ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট ও মাল্টি-টাস্কিং স্টাফ পদে নিয়োগ করা হবে পুনের আয়কর ভবনে। প্রথমে ২ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Pr.CCIT/Pune/SRC/Notification.2026-27.

**শূন্যপদের বিন্যাস:** স্টেনোগ্রাফার গ্রেড-টু ৬টি। ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট ৪০টি। মাল্টি-টাস্কিং স্টাফ ৩৯টি।

*এরপর পাঁচের পাতায়*

ফুরোবার আগেই সংগ্রহ করুন




স্বনির্ভরতার সন্ধান

# প্রশিক্ষণ নিয়ে নুডলস তৈরির ব্যবসা

**চাউমিনের প্রধান উপকরণ নুডলসের চাহিদা থাকে সারা বছর। উৎসবের মরসুমে সেই চাহিদা অনেকটাই বাড়ে। প্রশিক্ষণ নিয়ে নিজেই বাড়িতে বসে নুডলস তৈরি করে বিক্রি করতে পারেন। তবে তার জন্য ভারত সরকারের লাইসেন্সের দরকার হবে।**

**নিজস্ব প্রতিনিধি:** প্রায় সর্বত্রই সারা বছর নুডলস বা চাউমিনের চাহিদা থাকে। রাস্তার পাশের ফুডস্টল থেকে পাঁচতারা হোটেল— সব জায়গাতেই চাউমিন অত্যন্ত চাহিদার খাবার। বিশেষ করে উৎসবের দিনগুলিতে এর চাহিদা থাকে তুঙ্গে।

মুদির দোকান থেকে সুপার মল— সর্বত্র প্যাকেটজাত নুডলস বিক্রি হয়। নামী কোম্পানির নুডলসের পাশাপাশি স্থানীয় সংস্থার উৎপাদিত নুডলস বা চাউমিনেরও চাহিদা বেশ ভালো। বিশেষ করে স্ট্রিটফুড স্টলে ও ছোট রেস্তোরাঁগুলিতে।

বেকার তরুণ-তরুণীরা নুডলস তৈরির ব্যবসার কথা ভাবতে পারেন। বাড়িতে বসেই কাজ শুরু করে দেওয়া যায়। তবে ব্যবসা শুরু করার আগে প্রয়োজন উপযুক্ত প্রশিক্ষণ এবং ব্যবসার সরকারি লাইসেন্স।



### কোথায় প্রশিক্ষণ

কেন্দ্রীয় সরকার কর্তৃক স্বীকৃত প্রগতি রিসার্চ ইনস্টিটিউট নুডলস বা চাউমিন তৈরির প্রশিক্ষণ দেয়। বছরের যে-কোনও সময়ই প্রগতিতে ভর্তির জন্য আবেদন করা যায়। শুক্রবার বাদে সপ্তাহের যে-কোনও দু' দিন, ছাত্রছাত্রীরা তাঁদের সুবিধা অনুযায়ী প্রশিক্ষণ নিতে পারেন।

*এরপর দুয়ের পাতায়*

https://t.me/VISION_PUBLICATION

# কর্মক্ষেত্র

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

## কর্মখালি

**Job for Official Part/Full Time.** No Sales. Direct Payroll. Fixed Salary 10K-60K+Inc. Age: 21-70. Retd/VRS/Rly/Bank/ PSU. 98362-73358.

□

**Direct Employee Hiring for VRS/** Retd/ Housewife/Others (HS+ 25-65) Fixed Salary + Incentive & Promotion Earning 10-50K/PM. 86172-65081.

□

**কলকাতার অফিসে Aditya Group-এ** Manager পদে উপযুক্ত পুরুষ/মহিলা নিয়োগ। বয়স: 21-62, Graduate. Fixed 25K Salary + Medical + PF. Ph: 90642-69437.

□

**Direct Employee Hiring for** Leadership Role. No Sales. Fixed Salary + Incentive. Age 30-60. Retd. Govt/Pvt/ Rly/Bank. Call-74395-60927.

□

**Reputed Co. needs Retd/VRS/** গৃহবধূ for Mngr. 26-73, HS+. Salary upto 60K + PF + Mediclaim + TA. No Target. 2hr/3day. অফিস জব। 91237-81966.

□

**স্বগৃহে Project E-Book দেখে হাতে** লিখে/ফর্ম ফিলাপ করে/ Comp, ল্যাপটপ/ডেটা এন্ট্রি, স্মার্ট ফোনে টাইপ করে PART TIME প্রতি সপ্তাহে আয়ের সুযোগ 82748-74519.

□

## কর্মখালি

ডাটা সুপার গোল্ড গুঁড়ো মশলার জন্য অভিজ্ঞ সেলসম্যান চাই। E-mail: cookmespice2013@gmail.com

□

হাওড়ার দাসনগরস্থ ইয়ামাহা মেইন শোরুমের জন্য জরুরি ভিত্তিতে সেলসম্যান ও দক্ষ অটোমোবাইল মেকানিক নিয়োগ করা হবে। যোগাযোগ: 98304-51551/86972-74679.

□

**Editor চাই**

**Bengali ও Chemistry-তে Honours** Graduate Editor চাই। CV এবং মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও Graduation-এর marksheet email করুন rayandmartineditor@gmail.com-এ। 6C রমানাথ মজুমদার স্ট্রিট। কল-9 কলেজ স্ট্রীটে কলেজ স্কোয়ারের কাছে।

□

**অবসরপ্রাপ্ত স্নাতক, 40-70-দের Mngr** পদে Part Time রোজগার Ind Co -তে আমার দায়িত্বে। সীমিত সুযোগ। শুধু বিশ্বাস ও ভরসা নিয়ে আসুন। সারথি-90075-10903.

□

আপনার জীবনের দ্বিতীয় অধ্যায়কে দিন সম্পূর্ণ স্বাধীনতা। কাজ করুন এবং আয় করুন সম্মানের সঙ্গে। উচ্চ মর্যাদার, চাপমুক্ত কাজ। M: 86172-60189/ 79801-01938.

□

ট্রাভেল এজেন্সিতে অভিজ্ঞ ট্যুর ম্যানেজার/অফিস জবের জন্য পুরুষ/ মহিলা আবশ্যক-98744-22522/ 98753-25963.

□

## কর্মখালি

**MNC needs Retd/VRS/ গৃহবধূ for** Manager. 26-73y, HS+. Salary + PF + Mediclaim + TA. No Sales No Target. 3hr/3day অফিসিয়াল জব। 98361-62116.

□

**Required for our Digital News** Portal & Newspaper. Send CV (experience and fresher) all departments. To know about vacant posts please call. M & WApp-62974-14118.

□

**(1) উকিল (35L) (2) ব্যবসা/প্রকাশনা/** mktg./PRO অভিজ্ঞ (3) Ac/Comp./ Law + Outdoor Asst. (Hazra -Podra বাসী)। 85858-92443/91230-78306.

□

## কর্মখালি

**Wanted Experienced (5 yrs) Civil** Engineer & Supervisor for a Pvt Ltd Co. willing to stay at site (W.B). Email– gricpl2021@gmail.com

□

**শিট মেটাল মিস্ত্রি ও ওয়েল্ডিং মিস্ত্রি** অভিজ্ঞদের অগ্রাধিকার। যোগ্যতা অনুযায়ী বেতন। কাঁকুড়গাছি, কলকাতা। ৮২৪০৬-১৪১৯১/৮২৪০৫-৪১৮১৭।

□

**আসন্ন নতুন সিলেবাসে উচ্চমাধ্যমিক** স্তরের রসায়ন ও গণিতের জন্য উদ্যমী লেখক প্রয়োজন। সত্বর যোগাযোগ: ৭০৫৯১-২৮৯৭১, সময়: সকাল ১০টা হইতে ৭টা।

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২২ অগস্ট দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**
**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

# প্রতিরক্ষা দপ্তরে চাকরি

*প্রথম পাতার পর*

করবেন। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে হেভি ও লাইট মোটর ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স-সহ ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **মূল বেতন:** ১৯,৯০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

**ট্রেডসম্যান মেট (লেবার):** ৮টি (তফসিলি উপজাতি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। কেবল প্রাক্তন সমরকর্মীরাই আবেদন করবেন। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে দক্ষ হতে হবে। **মূল বেতন:** ১৮,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

**ফায়ারম্যান:** ২৪টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৩, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ২)। সাধারণ ক্যাটেগরির ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য এবং ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও দক্ষ খেলোয়াড়ের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সঙ্গে ফায়ার ফাইটিং বিষয়ে সম্যক ধারণা থাকতে হবে। **মূল বেতন:** ১৯,৯০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

**লিডিং ফায়ারম্যান:** ১৪টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ওবিসি ক্যাটেগরির ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য এবং ১টি শূন্যপদ দক্ষ খেলোয়াড়ের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সঙ্গে ফায়ার ফাইটিং বিষয়ে সম্যক ধারণা থাকতে হবে। বি ক্রেন চালনা করতে জানতে হবে। **মূল বেতন:** ২১,৭০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

**বয়স:** ৪-৯-২০২৬ তারিখে সিভিলিয়ান মোটর ড্রাইভার পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছর এবং বাকি পদগুলির ক্ষেত্রে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** শুধুমাত্র ফায়ারম্যান ও লিডিং ফায়ারম্যান পদের ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেমি (তফসিলি উপজাতি প্রার্থীরা ২.৫ সেমি ছাড় পাবেন)। বুকের ছাতি না ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮১.৫ সেমি ও ৮৫ সেমি। ওজন অন্তত ৫০ কেজি হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্ট ও দৈহিক সক্ষমতার পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং (২৫ নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস (৫০ নম্বর), জেনারেল ইংলিশ (৫০ নম্বর) ও নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড (২৫ নম্বর) বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় ট্রেডসম্যান মেট পদের ক্ষেত্রে থাকবে ৬ মিনিটে ১.৫ কিলোমিটার দৌড়, ৫০ কেজি ওজনের কোনও বস্তুকে বহন করে ১০০ সেকেন্ডে ২০০ মিটার দূরত্বে নিয়ে যাওয়া। বয়স অনুসারে দৌড় শেষ করার সময়সীমা বাড়ানো হবে। ফায়ারম্যান ও লিডিং ফায়ারম্যান পদের ক্ষেত্রে থাকবে ৬৫.৫ কেজি ওজনের কোনও ব্যক্তিকে বহন করে ৯৬ সেকেন্ডে ১৮৩ মিটার দূরত্বে নিয়ে যাওয়া, ২.৭ মিটার লং জাম্প এবং হাত ও পায়ের সাহায্যে দড়ি বেয়ে ৩ মিটার ওঠা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন। পূরণ করবেন যথাযথ ভাবে।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓তিন কপি পাসপোর্ট মাপের রঙিন স্বপ্রত্যয়িত ফটো। একটি ফটো দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। অপর দু'কপি ফটোর পিছনে প্রার্থীর নাম ও পিতার নাম লিখে দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন।
- ✓নিজের নাম-ঠিকানা লেখা ও প্রয়োজনীয় মূল্যের ডাকটিকিট সাঁটানো একটি রেজিস্টার্ড খাম।
- ✓যথাযথ ভাবে পূরণ করা ডুপ্লিকেট অ্যাডমিট কার্ড।
- ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ডোমিসাইল সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা দৈহিক প্রতিবন্ধকতা বা প্রাক্তন সমরকর্মীর প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।

দরখাস্ত ভরা খামের উপর লিখবেন 'APPLICATION FOR THE POST OF _____' শূন্যস্থান যথাযথ ভাবে পূরণ করবেন। এ ছাড়াও খামের উপর মাধ্যমিকে পাওয়া নম্বরের শতাংশ লিখে দেবেন। ৫০ শতাংশ বা তার চেয়ে কম নম্বরের ক্ষেত্রে লাল কালিতে, ৫১ থেকে ৬০ শতাংশের মধ্যে নম্বর থাকলে নীল কালিতে এবং ৬১ শতাংশ বা তার বেশি নম্বর পেলে কালো কালিতে লিখবেন।

৪ সেপ্টেম্বরের মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: The Presiding Officer, Civilian Direct Recruitment Board, Civ CR, ASC Centre (South), Agram Post, Bangalore-560007.

*দরখাস্তের বয়ান পাঁচের পাতায়*

# দেশ জুড়ে রেলে ৩৯৯৩

*প্রথম পাতার পর*

২০টি। **মুম্বই:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ৩৮৯টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ২২টি। **মুজফ্ফরপুর:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ১৭টি। **পটনা:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ৩৮টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ৩৫টি। **প্রয়াগরাজ:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ৩৩১টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ৯টি। **রাঁচি:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ১২২টি। **সেকেন্দ্রাবাদ:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ৯৯টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ১১টি। **তিরুবনন্তপুরম:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ১০১টি।

**শিক্ষাগত যোগ্যতা:** জুনিয়র ইঞ্জিনিয়ার মেকানিক্যাল শাখার ক্ষেত্রে মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা প্রোডাকশন বা অটোমোবাইল বা ম্যানুফ্যাকচারিং বা মেকট্রনিক্স বা ইন্ডাস্ট্রিয়াল বা মেশিনিং বা টুলস অ্যান্ড মেশিনিং বা টুলস অ্যান্ড ডাই মেকিং ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। অথবা কম্বিনেশনে পড়ে থাকলেও আবেদন করা যাবে। ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল বা ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। অথবা কম্বিনেশনে পড়ে থাকলেও আবেদন করা যাবে। সিভিল শাখার ক্ষেত্রে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা বা বি এসসি ডিগ্রি। অথবা কম্বিনেশনে পড়ে থাকলেও আবেদন করা যাবে। ট্র্যাক মেশিন শাখার ক্ষেত্রে মেকানিক্যাল বা প্রোডাকশন বা অটোমোবাইল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। অথবা কম্বিনেশনে পড়ে থাকলেও আবেদন করা যাবে। ডিজেল মেকানিক্যাল শাখার ক্ষেত্রে মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। অথবা কম্বিনেশনে পড়ে থাকলেও আবেদন করা যাবে। সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন শাখার ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা ইনফর্মেশন টেকনোলজি বা কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। অথবা কম্বিনেশনে পড়ে থাকলেও আবেদন করা যাবে।

ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট পদের ক্ষেত্রে যে-কোনও ইঞ্জিনিয়ারিং শাখায় ৩ বছরের ডিপ্লোমা।

**মেডিক্যাল স্ট্যান্ডার্ড:** জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে বিভিন্ন শাখা অনুযায়ী সি-ওয়ান, এ-থ্রি, বি-ওয়ান, বি-টু। ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট পদের ক্ষেত্রে সি-ওয়ান।

**বয়স:** ১-১-২০২৭ তারিখে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বিধবা, ডিভোর্সি, আইনত স্বামীবিচ্ছিন্নারা পুনরায় বিবাহ করে না থাকলে ৩৫ বছর পর্যন্ত বয়স গ্রাহ্য হবে।

**শুরুতে বেতন:** ৩৫,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা, নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। প্রথম পর্যায়ের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় থাকবে জেনারেল অ্যাওয়্যারনেস (১৫ নম্বর), ম্যাথমেটিক্স (৩০ নম্বর), জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং (২৫ নম্বর) ও জেনারেল সায়েন্স (৩০ নম্বর) বিষয়ে প্রশ্ন। সময় দেড় ঘণ্টা। দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় থাকবে জেনারেল অ্যাওয়্যারনেস (১৫ নম্বর), ফিজিক্স অ্যান্ড কেমিস্ট্রি (১৫ নম্বর), কম্পিউটারস অ্যান্ড অ্যাপ্লিকেশনস (১০ নম্বর), এনভায়রনমেন্ট অ্যান্ড পলিউশন কন্ট্রোল (১০ নম্বর) এবং টেকনিক্যাল এবিলিটিজ (১০০ নম্বর) বিষয়ে প্রশ্ন। সময় ২ ঘণ্টা। উভয় ক্ষেত্রেই নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে প্রার্থী যে-আরআরবি-র শূন্যপদে আবেদন করবেন, তার নির্দিষ্ট ওয়েবসাইটের মাধ্যমে। যে-কোনও একটি আরআরবি-র শূন্যপদে আবেদন করবেন। পশ্চিমবঙ্গের আরআরবি-র ওয়েবসাইটগুলি হল: www.rrbkolkata.gov.in (কলকাতা), www.rrbmalda.gov.in (মালদা), www.rrbsiliguri.gov.in (শিলিগুড়ি)।

**অনলাইন দরখাস্ত করা যাবে ১৩ সেপ্টেম্বর পর্যন্ত।** অনলাইন দরখাস্তের সময় সরাসরি ফটো তুলতে হবে। এ ছাড়া কালো কালিতে করা সই (৩০-৪৯ কেবি সাইজের মধ্যে) ও প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি, সংখ্যালঘু, ট্রান্সজেন্ডার, আর্থিক ভাবে অনগ্রসর, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ফি ২৫০ টাকা। প্রথম পর্যায়ের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় অংশ নিলে ব্যাঙ্ক চার্জ বাদ দিয়ে যথাক্রমে ৪০০ টাকা এবং ২৫০ টাকা ফেরত পাওয়া যাবে। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে।

**ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৫ সেপ্টেম্বর।**

দরখাস্ত সংশোধন করা যাবে ১৬ থেকে ২৫ সেপ্টেম্বর পর্যন্ত।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://rrb.indianrailways.gov.in/

# প্রশিক্ষণ নিয়ে নুডলস তৈরির ব্যবসা

*প্রথম পাতার পর*

অন্য জেলা বা রাজ্য থেকে যাঁরা আসবেন তাঁরা চাইলে ৭-৮ দিনের মধ্যেও কোর্স সম্পূর্ণ করতে পারেন। সে ক্ষেত্রে ক্লাসের সময়সীমা অনেকটাই বাড়বে। প্রশিক্ষণ ফি ৯,৮০০ টাকা।

এই কোর্সে সাধারণ এবং এগ নুডলসের পাশাপাশি শেখানো হয় বিট নুডলস ও স্পিন্যাচ নুডলস অর্থাৎ বিট ও পালং শাক মিশিয়ে নুডলস তৈরি। হাতে-কলমে কাজ শেখার পরে শিক্ষার্থী কীভাবে ব্যবসা করবেন, কোথা থেকে উপকরণ সংগ্রহ করবেন এবং কীভাবে বিপণন করবেন, সেই সম্পর্কে যাবতীয় ধারণা তাঁকে দেওয়া হয়। প্রশিক্ষণের সময় কর্মশালায় যাবতীয় উপকরণ দেওয়া হয়। বাইরে থেকে শিক্ষার্থীকে কিছু আনতে হয় না। প্রশিক্ষণের পর সার্টিফিকেট দেওয়া হয়।

প্রশিক্ষণের জন্য যোগাযোগ: প্রগতি, নর্থ ঘোষপাড়া গ্যাঞ্জেস রোড, বালি, হাওড়া। ফোন: (০৩৩) ২৬৭১-০২৯২ (সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে)। মোবাইল: ৯৪৩২৪-৯০৩২৯।

নুডলসের ব্যবসা শুরু করার আগে ভালো করে স্থানীয় মার্কেট সার্ভে করে নিন। তাহলে বাজারের চাহিদাটা বুঝতে সুবিধা হবে। আপনার সংস্থার নুডলস বিক্রির জন্য প্রাথমিক ভাবে সাক্ষাৎ করুন স্থানীয় ফুডস্টলের চাউমিন বিক্রেতা, ছোট রেস্তোরাঁর পরিচালক এবং মুদির দোকানের মালিকদের সঙ্গে। তা ছাড়া সোশ্যাল মিডিয়া ও খবরের কাগজের মাধ্যমে প্রচার চালানো যায়। মনে রাখবেন, এই ব্যবসার জন্য আপনার উৎপাদক সংস্থার ট্রেডমার্ক রেজিস্ট্রেশন করাতে হবে। দেশের খাদ্য নিরাপত্তা ও গুণমান যাচাইকারী সংস্থা এফএসএসএআই লাইসেন্স দিলে তবেই উৎপাদিত সামগ্রী বিক্রি করতে পারবেন।

https://t.me/VISION_PUBLICATION

# উইপ্রোয় ১৫০০ ক্লাউড টেকনোলজির পেশাদার

তথ্যপ্রযুক্তি সংস্থা উইপ্রো-র ক্লাউড টেকনোলজি বিভাগে ১,৫০০ কর্মী নেওয়া হবে। চাকরি হবে কলকাতা-সহ দেশের বিভিন্ন শহরে। শিক্ষাগত যোগ্যতা, দক্ষতা, অভিজ্ঞতা অনুসারে বিভিন্ন পদে নিয়োগ করা হবে। তথ্যপ্রযুক্তি, বিশেষ করে ক্লাউড টেকনোলজির পেশাদাররা এখনই আবেদন করতে পারেন। ক্লাউড সিকিউরিটি ইঞ্জিনিয়ার, ডেভেলপার, নেটওয়ার্ক সিকিউরিটি, ক্লাউড অ্যাডমিনিস্ট্রেটর, এআই ইঞ্জিনিয়ার, সলিউশন ইঞ্জিনিয়ার প্রভৃতি পদে চাকরি হবে, কলকাতা, মুম্বই, বেঙ্গালুরু, চেন্নাই, হায়দরাবাদ, কোচি প্রভৃতি শহরে।

আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://careers.wipro.com/viewalljobs/ সার্চের ঘরে যথাক্রমে ক্লাউড ও ইন্ডিয়া লিখবেন।

আরও তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://careers.wipro.com/

# স্টেট ব্যাঙ্কে ৭৬৮০

প্রথম পাতার পর

আবেদন করতে পারেন, তবে সে ক্ষেত্রে ৩১-১২-২০২৬ তারিখের মধ্যে পাশ করে ও সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। ইন্টিগ্রেটেড ডুয়াল ডিগ্রিধারী প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

বয়স: ১-৪-২০২৬ তারিখে ২০ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের, বিধবা, বিবাহবিচ্ছিন্না ও আইনত স্বামীবিচ্ছিন্নারা পুনরায় বিবাহ না করে থাকলে ৭ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ২৪,০৫০-৬৪,৪৮০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে দু' পর্যায়ের (প্রিলিমিনারি ও মেন) অনলাইন পরীক্ষা ও ভাষাগত দক্ষতা যাচাইয়ের মাধ্যমে। পশ্চিমবঙ্গের (স্টেট কোড ৪৫) পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা, আসানসোল, দুর্গাপুর, হুগলি, কল্যাণী, বর্ধমান ও শিলিগুড়ি। প্রিলিমিনারি পরীক্ষা সেপ্টেম্বরে। মেন পরীক্ষা নভেম্বরে।

প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন থাকবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর), নিউমেরিক্যাল এবিলিটি (৩৫ নম্বর), রিজনিং এবিলিটি (৩৫ নম্বর) বিষয়ে। বিষয় প্রতি সময়সীমা ২০ মিনিট। মেন পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে জেনারেল/ফিনান্সিয়াল অ্যাওয়্যারনেস (৫০ নম্বর), জেনারেল ইংলিশ (৪০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর), রিজনিং এবিলিটি অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (৬০ নম্বর) বিষয়ে। মোট সময়সীমা ২ ঘণ্টা ৪০ মিনিট। উভয় ক্ষেত্রেই নেগেটিভ মার্কিং আছে। এরপর থাকবে ৫০ নম্বরের লোকাল ল্যাঙ্গুয়েজ প্রফিশিয়েন্সি টেস্ট।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://sbi.bank.in/web/careers/current-openings প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩১ অগস্ট। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। সাবমিটের পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি যত্ন করে লিখে রাখবেন।

অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০০×২৩০ পিক্সেলে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), সই (১৪০×৬০ পিক্সেলে ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেলে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) এবং হাতে লেখা ডিক্লারেশন (৮০০×৪০০ পিক্সেলে ৫০-১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৭৫০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী এবং দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। অনলাইনে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিট-সহ পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০২২) ২২৮২-০৪২৭।

# ইন্ডিয়ান অয়েলে ৪৭০ অফিসার

প্রথম পাতার পর

প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। বয়স: ২৬ বছরের মধ্যে হতে হবে।

অফিসার পদে নিয়োগ করা হবে মার্কেটিং শাখায়। শূন্যপদ: ৪১টি। শিক্ষাগত যোগ্যতা: মার্কেটিংয়ে স্পেশ্যালাইজেশন-সহ এমবিএ বা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা। অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। বয়স: ২৮ বছরের মধ্যে হতে হবে।

ল অফিসার পদের ক্ষেত্রে শূন্যপদ ১০টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট, সেইসঙ্গে এলএলবি পাশ। ৫ বছরের ইন্টিগ্রেটেড এলএলবি পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। বার কাউন্সিল অব ইন্ডিয়ায় নাম নথিভুক্ত থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে।

অ্যাসিস্ট্যান্ট কোয়ালিটি কন্ট্রোল অফিসার পদে নিয়োগ করা হবে কেমিস্ট্রি শাখায়। শূন্যপদ: ৯টি। শিক্ষাগত যোগ্যতা: কেমিস্ট্রিতে বা সমতুল শাখায় এম এসসি। অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে।

জুনিয়র ইঞ্জিনিয়ার/জুনিয়র অফিসার পদে নিয়োগ করা হবে এই সব শাখায়: ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল ও সেফটি। শাখা অনুসারে শূন্যপদ: ইলেক্ট্রিক্যাল ১৪টি, মেকানিক্যাল ২১টি, সেফটি ১৫টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। অন্তত ৬৫ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। সেফটি-র ক্ষেত্রে ইন্ডাস্ট্রিয়াল সেফটিতে অন্তত ১ বছরের ডিপ্লোমা থাকতে হবে। বয়স: ২৬ বছরের মধ্যে হতে হবে।

নিয়মানুসারে তফসিলি, ওবিসি, আর্থিক ভাবে অনগ্রসর এবং প্রতিবন্ধী প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

সব ক্ষেত্রেই ১-৭-২০২৬ তারিখে নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩, প্রতিবন্ধী প্রার্থীরা ১০ বছরের ছাড় পাবেন।

বেতনক্রম: ইঞ্জিনিয়ার/অফিসার ও ল অফিসার পদের ক্ষেত্রে ৫০,০০০-১,৬০,০০০ টাকা, অ্যাসিস্ট্যান্ট কোয়ালিটি কন্ট্রোল অফিসার পদের ক্ষেত্রে ৪০,০০০-১,৪০,০০০ টাকা এবং জুনিয়র ইঞ্জিনিয়ার/জুনিয়র অফিসার পদের ক্ষেত্রে ৩০,০০০-১,২০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, গ্রুপ ডিসকাশন ও গ্রুপ টাস্ক এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষার সম্ভাব্য তারিখ ২৪ সেপ্টেম্বর। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (২০ নম্বর), লজিক্যাল রিজনিং (১৫ নম্বর), ভার্বাল এবিলিটি অব ইংলিশ ল্যাঙ্গুয়েজ (১৫ নম্বর) ও সংশ্লিষ্ট বিষয়ে (৫০ নম্বর)। সময় আড়াই ঘণ্টা। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://iocl.com/latest-job-opening ফি বাবদ অনলাইন দিতে হবে ১,০০০ টাকা। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা আইএমপিএস বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না। দরখাস্তের শেষ তারিখ ৩ সেপ্টেম্বর। খুঁটিনাটি তথ্য জানতে আগ্রহী প্রার্থীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

MACLEODS

Macleods, one of India's fastest growing Pharmaceutical companies and ranked amongst the top 10 companies, having a leadership position in the market in various therapy areas, requires candidates for the

LAUNCH OF NEW DIVISION IN WEST BENGAL & NORTH EAST

MEDICAL REPRESENTATIVES

The division would comprise of top selling products in
• ORTHOPEDIC AND GENERAL HEALTH

LOCATIONS :

WEST BENGAL : Kolkata, Basirhat, Kalyani, Siliguri, Coochbehar, Malda, Raiganj, Durgapur, Asansol, Burdwan, Bankura, Howrah, Uluberia, Tamluk, Midnapore, Krishnanagar, Hooghly, Berhampore and Rampurhat.

NORTH EAST : Guwahati, Jorhat, Shillong, Bongaigaon, Nagaon, Dibrogarh, Tezpur, Tinsukia, North Lakhimpur, Silchar, Agartala, Aizawl, Imphal and Dimapur.

ELIGIBILITY :

- Preference will be given to fresh B.Sc., B.Pharm & Graduates with fluency in spoken English and a willingness to travel extensively for generating prescription sales by promoting the company brands to Medical fraternity.
- Candidates with previous work experience of 1-2 years as Medical Representative (age below 28 years) can also apply.

Interested candidates may apply within 5 working days at genwell@macleodspharma.com

Macleods Pharmaceuticals Ltd.
Atlanta Arcade, Marol Church Rd, Andheri (East), Mumbai-400059.
https://www.macleodspharma.com

AMITY UNIVERSITY KOLKATA

#1 RANKED PVT. UNIVERSITY IN WEST BENGAL

As from 2025 rankings of National Institutional Ranking Framework (NIRF), Ministry of Education, Govt. of India

2026 SESSION ADMISSIONS OPEN

Centrally AC Campus with 70 hi-tech labs & learning studios, 22,000 sq. ft. library, 250+ AC classrooms, 800-seater hostels, and a 600-seater auditorium

Faculty have filed 150+ patents and authored 860+ books & chapters

Distinguished Faculty featured among the top 2% scientists globally by Stanford Researchers list

Extensive Interaction with CXOs, including from Eveready Industries, ITC Ltd., Capgemini, Reliance Jio, SAP India, Accenture...

Dedicated Corporate Resource Centre provides placement support through internships, live projects, mock interviews

Amity students have secured placements in leading organisations like Airtel, ITC, Nestle, Mercedes-Benz, Deloitte, Asian Paints, E&Y, TCS, Shell, Taj Hotels, Amazon...

Amitians have been selected for higher studies in top universities like Cambridge, Warwick, James Cook, Middlesex...

2,700+ Merit Scholarships awarded to brilliant students

Amity Incubator has launched 17 student start-ups

UPTO 100% SCHOLARSHIP AVAILABLE

APPLIED SCIENCES
- B.Sc.(H) - Dietetics & Applied Nutrition / Physics
- Bachelor of Statistics (H)
- M.Sc. - Dietetics & App. Nutrition

ARCHITECTURE
- B.Arch (Approved by CoA)

BIOTECHNOLOGY
- B.Tech - Biotechnology
- B.Sc. (H) - Biotechnology
- M.Sc. - Biotechnology
- M.Tech - Biotechnology

COMMERCE
- B.Com (H)
- B.Com (H) - Accounting & Finance (Integrated with ACCA)
- Master of Commerce

COMMUNICATION
- B.A. (H) - Journalism & Mass Comm
- B.Sc (H) - Animation & Vis Graphics
- M.A. - Journalism & Mass Comm
- M.A. - Film & TV Production
- M.A. - PR & Event Management

COMPUTER SCIENCE
- BCA (H)
- BCA - Data Science & AI with IBM
- B.Sc. (H) - Data Science
- MCA
- MCA - Cyber Security with Blockchain Tech. with IBM

DESIGN
- Bachelor of Interior Design

ECONOMICS
- B.Sc. (H) - Economics
- M.Sc. - Economics

EDUCATION
- Bachelor of Education (B.Ed.) (Approved by NCTE)

ENGINEERING
- B.Tech - CSE
- B.Tech CSE (AI & ML) with IBM
- B.Tech CSE (AI & DS) with IBM
- B.Tech - CSE (Cyber Security with Blockchain Tech.) with IBM
- B.Tech (MAE / ECE / Civil Engg.)

ENGLISH LITERATURE
- B.A. (H) - English
- M.A. - English

ENVIRONMENTAL SCIENCES
- B.Sc. (H) - Environmental Sc.

FASHION
- B.Des. - Fashion Design
- B.Des. - Fashion Communication

FINE ARTS
- Bach. of Fine Arts (Animation)
- Bachelor of Fine Arts
- Master of Fine Arts (Applied Arts)

HOSPITALITY
- Bachelor of Hotel Management

LANGUAGE
- B.A. (H) - French

LAW
- BBA LL.B. (H)*
- B.Com., LL.B. (H)*
- LL.B.*
- LL.M - Business Law

*(Approved by BCI)

MANAGEMENT
- BBA (H)
- BBA (H) - Digital Marketing
- BBA - Business Analytics with IBM
- MBA
- MBA - Logistics & Supply Chain Management with CII
- MBA - Business Analytics with IBM

PSYCHOLOGY
- B.A. (H) - Applied Psychology
- Bachelor in Clinical Psychology*
- B.Sc. - Clinical Psychology
- M.A. - Applied Psychology

*(Approved by RCI)

SOCIAL SCIENCES
- B.A. (H) - Political Sc.
- B.Sc. (H) - Geography
- M.Sc. - Geography

TRAVEL & TOURISM
- B.A. (H) - Tourism Administration

B.Sc.(H) / B.A.(H) / B.Com.(H) / BBA / BCA degrees can be done in 3 or 4 year mode

Amity University Kolkata, Rajarhat, New Town | Apply at www.kolkata.amity.edu | TOLL-FREE: 1800-102-3320

https://t.me/VISION_PUBLICATION

জলে-জমিতে কর্মক্ষেত্র

# লাভজনক ফসল সজনে চাষের পদ্ধতি



**ভেষজগুণ থাকায় সজনের পাতা ও ডাঁটার চাহিদা রয়েছে। ভারতের নানা রাজ্যে সজনে-র চাষ হচ্ছে। দ্রুত বৃদ্ধিপ্রাপ্ত এই গাছ থেকে অল্প সময়ে পাতা ও ডাঁটা পাওয়া যায়। এমনকী গাছের বৃদ্ধির প্রাথমিক অবস্থায় দু'টি সারির মাঝে স্বল্পমেয়াদি অন্য সবজির চাষও করা যায়।**

**জানাচ্ছেন পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম কৃষিঅধিকর্তা সৌমেন্দ্রনাথ দাস।**

সজনে অত্যন্ত লাভজনক সবজি। সজনে পাতার ভেষজ গুণাবলির জন্যই এর চাহিদা বহুলাংশে বেড়ে গেছে। খরা সহনশীল এই উদ্ভিদ দ্রুত বাড়ে। বীজ বোনার খুব অল্প সময়ের মধ্যেই গাছ থেকে পাতা, ফুল এবং শুঁটি বা ডাঁটা তোলা যায়। ভারতে সর্বাধিক সজনে চাষের এলাকা রয়েছে এমন রাজ্যগুলি হল— তামিলনাড়ু, মহারাষ্ট্র, কর্নাটক এবং অন্ধ্রপ্রদেশ।

## সজনের অনেক গুণ

সজনে গাছের পাতা, ফুল এবং ডাঁটা বা শুঁটি সবজি হিসেবে খাওয়া হয়। পাতায় ও ডাঁটায় প্রচুর পরিমাণে প্রোটিন, ফাইবার, ফ্যাট, পটাশিয়াম, ক্যালশিয়াম ও আয়রন, ভিটামিন-'এ', ভিটামিন-'সি' ও ভিটামিন-'বি-৬' এবং অ্যান্টি-অক্সিড্যান্টের মতো গুরুত্বপূর্ণ খাদ্য উপাদান মজুত থাকে।

পুষ্টিগুণ ছাড়াও সজনের ফুল, পাতা এবং ডাঁটায় যথেষ্ট ভেষজ গুণ রয়েছে। গ্লুকোজের মাত্রা ও উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণে সজনের ডাঁটা অত্যন্ত উপকারী। এ ছাড়া সজনের পাতা ও ডাঁটায় প্রচুর পরিমাণে আয়রন রয়েছে। ফলে রক্তাল্পতা থাকলে সজনে খাওয়া যেতে পারে। অ্যান্টি-অক্সিড্যান্ট উপাদান থাকার জন্য দেহে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতেও সাহায্য করে সজনে।

## জলবায়ু ও মাটি

সজনে চাষের জন্য ২৫ ডিগ্রি সেলসিয়াস থেকে ৩৫ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা ও শুষ্ক আবহাওয়া দরকার। পর্যাপ্ত সূর্যের আলো খুবই প্রয়োজন। জলনিকাশের উপযোগী বেলে-দোঁয়াশ অথবা দোঁয়াশ মাটি এর চাষের জন্য আদর্শ। মাটির ক্ষারাম্ল মান অর্থাৎ পি এইচ হতে হবে ৬.৫-৭.৫।

## জাত

বাণিজ্যিক চাষের জন্য উপযুক্ত উচ্চ ফলনশীল জাতের নির্বাচন একান্ত প্রয়োজন, যাতে গাছের বয়স ৬-৮ মাস হলেই ফসল তোলা যায়। সজনে চাষের জন্য পশ্চিমবঙ্গের পক্ষে উপযুক্ত জাতগুলি হল— পিকে এম-১, পিকে এম-২ এবং ওড়িশি-৩। এই সব উচ্চ ফলনশীল জাতগুলির গাছ দ্রুত ফল ও পাতা তোলার জন্য উপযুক্ত।

## জমি তৈরি

গভীর ভাবে জমি চাষ দিয়ে মাটি তৈরি করতে হবে। আগাছা তুলে জমির মাটি সমতল করে নিতে হবে। এরপর ৪৫ সেন্টিমিটার x ৪৫ সেন্টিমিটার x ৪৫ সেন্টিমিটার মাপের গর্ত খুঁড়ে নিতে হবে। গর্ত থেকে গর্তের দূরত্ব রাখতে হবে ২.০-২.৫ মিটার। কিন্তু উচ্চ ঘনত্ববিশিষ্ট বা হাই ডেনসিটি চারা বা বীজ বপনের বেলায় এই দূরত্ব হতে হবে ১.০-১.৫ মিটার।

## বীজ বপন

এক বিঘা জমিতে চাষের জন্য ৬০-৭০ গ্রাম বীজ দরকার। বীজ বপনের উপযুক্ত সময় হল জুলাই-অক্টোবর মাস। গর্ত প্রতি ২টি করে বীজ ২.৫-৩.০ সেন্টিমিটার গভীরে বপন করতে হবে। এ ছাড়াও পলিথিন প্যাকেটে বীজ বপন করে চারা তৈরি করে নিতে পারেন। ৩০-৩৫ দিন বয়সের চারা মূল জমির মাটিতে বসাতে হবে।

## সার প্রয়োগ

জমি তৈরির পর গর্ত প্রতি ১০-১৫ কেজি পচানো গোবর সার অথবা কম্পোস্ট সার গর্তের মাটির সঙ্গে ভালো করে মিশিয়ে নিতে হবে। বীজ





বসানোর ৩ মাস পর গর্ত প্রতি ১০০ গ্রাম ইউরিয়া, ৯৫০ গ্রাম সিঙ্গল সুপার ফসফেট এবং ৪৫ গ্রাম মিউরেট অব পটাশ প্রয়োগ করতে হবে। আবার বীজ বসানোর ৬ মাসের মাথায় গর্ত প্রতি ১০০ গ্রাম ইউরিয়া চাপান হিসেবে প্রয়োগ করতে হবে।

## পরিচর্যা

আবহাওয়া ও মাটির অবস্থা বুঝে জমিতে জলসেচ দিতে হবে। বীজ বোনার ৩ দিন পর একবার এবং এর পর থেকে ১০-১৫ দিনের ব্যবধানে সেচ প্রয়োগ করতে হবে। চারা মারা গেলে দ্রুত সেই জায়গায় নতুন চারা রোপণের মাধ্যমে ফাঁক পূরণ করতে হবে ১০ দিনের মধ্যেই। চারাগুলি ৬০-৭৫ সেন্টিমিটার উচ্চতাবিশিষ্ট হলেই বর্ধনশীল গাছের ডগা বা অগ্রভাগ কেটে দিলে চারপাশে শাখাযুক্ত ডালপালা উৎপন্ন হবে। এর ফলে পাতা এবং ডাঁটার উৎপাদন বৃদ্ধি পাবে। নিয়মিত জমির আগাছা তুলে ফেলতে হবে। বৃষ্টিপাতের ফলে জমে যাওয়া অতিরিক্ত জল দ্রুত নিকাশের ব্যবস্থা করতে হবে।

## অন্তবর্তী ফসল

গাছের বৃদ্ধির প্রাথমিক অবস্থায় দু'টি সারির মাঝে ফাঁকা জমিতে অল্প উচ্চতার স্বল্পমেয়াদি সবজি যেমন মুলো, পালং, মেথি, বরবটি, ফরাসবিন এবং ঢেঁড়সের চাষ করে অতিরিক্ত আয় করতে পারেন।

## ফসল তোলা

বীজ বপনের ৬ মাস অথবা চারা বসানোর ৫ মাস পর থেকে সজনে গাছ থেকে ফল বা ডাঁটা তোলা যাবে। পাতা এর আগে থেকেই তোলা যাবে। বিজ্ঞানভিত্তিক প্রযুক্তি ঠিক মতো মেনে চাষ করলে গড়ে গাছ প্রতি বছরে ১৫০-১৬৫টি ডাঁটা পাওয়া যাবে। এক বিঘা জমিতে চাষ করলে বছরে ২০-২৫ কুইন্ট্যাল ডাঁটা পাওয়া যাবে।

## মুড়ি চাষ

উচ্চ ফলনশীল জাতের বেলায়, গাছের বয়স এক বছর হলে এবং সম্পূর্ণ ফসল তোলা শেষ হওয়ার পর, নভেম্বর-ডিসেম্বর মাসে গাছ সুপ্ত অবস্থায় থাকাকালীন সজনের প্রধান কাণ্ডটি মাটি থেকে ৭৫ সেন্টিমিটার উচ্চতায় সম্পূর্ণ ভাবে কেটে ফেলতে হবে। এর পরে গাছের গোড়া সংলগ্ন মাটি ভালো করে খুঁড়ে, মাটির সঙ্গে ১০০ গ্রাম ইউরিয়া, ৯৫০ গ্রাম সুপার ফসফেট এবং ৪৫ গ্রাম মিউরেট অব পটাশ মিশিয়ে দিয়ে জল প্রয়োগ করতে হবে। মুড়ি চাষের ক্ষেত্রে গাছ কেটে ফেলার ৪-৫ মাস পরই ফলন পাওয়া যাবে। প্রধান কাণ্ডের নীচ থেকে যে-নতুন ডালপালা উৎপন্ন হবে সেগুলি থেকেই ডাঁটা পাওয়া যাবে। ৩ বছর পর্যন্ত মুড়ির ফলন পাওয়া যাবে।

## ফসলের সুরক্ষা

সজনে চাষে রোগের উপদ্রব তেমন হয় না। তবে পোকার মধ্যে ডাঁটা ছিদ্রকারী মাছি এবং পাতা খাওয়া শুঁয়োপোকা সমস্যায় ফেলে। ডাঁটা ছিদ্রকারী ফলের মাছি নিয়ন্ত্রণের জন্য গোড়ার মাটিতে থায়ামিথোক্সাম ২৫ ডব্লুজি ২৫ গ্রাম প্রতি বিঘা হিসাবে প্রয়োগ করতে হবে, বীজ বসানোর ১৫০ ও ১৮০ দিন পরে। পাতা খাওয়া শুঁয়োপোকার উপদ্রব ঠেকানোর জন্য আক্রান্ত গাছে কার্বারিল ৫০ ডব্লুপি প্রতি লিটার জলে ২ গ্রাম হিসেবে গুলে নেওয়ার পর স্প্রে করে পাতাগুলি ভিজিয়ে দিতে হবে।

কী পড়বেন, কোথায় পড়বেন

# বর্ধমান বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর ডিগ্রি ও ডিপ্লোমা কোর্স

ডেটা সায়েন্স অ্যান্ড আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, ডিজাস্টার মিটিগেশন অ্যান্ড ম্যানেজমেন্ট, বিগ ডেটা অ্যান্ড সাইবার সিকিউরিটি-সহ বিভিন্ন বিষয়ে ইন্টিগ্রেটেড এম এসসি, স্নাতকোত্তর ডিপ্লোমা ও অ্যাডভান্সড স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে বর্ধমান বিশ্ববিদ্যালয়। কোর্স শুরু হবে সেপ্টেম্বরে।

কোর্সের বিবরণ: **ইন্টিগ্রেটেড এম এসসি ইন ডেটা সায়েন্স অ্যান্ড আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স**: আসনসংখ্যা: ৬০টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৪৫ শতাংশ (সংরক্ষিত ক্যাটেগরির ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে এবং ২০২৬-এর জে ই ই মেন বা ডব্লু বি জে ই ই পরীক্ষায় বৈধ স্কোর করে থাকতে হবে। কোর্সের মেয়াদ ৫ বছর।

**অ্যাডভান্সড পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ডিজাস্টার মিটিগেশন অ্যান্ড ম্যানেজমেন্ট**। আসনসংখ্যা: ৬০টি। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখায় বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) বা বি এসসি (টেক) পাশ। অথবা জিওলজি, জিওগ্রাফি, এনভায়রনমেন্টাল সায়েন্স, আর্থ সায়েন্স, ফিজিক্স, ম্যাথমেটিক্স, কম্পিউটার সায়েন্স বা স্ট্যাটিস্টিক্সে বি এসসি। অথবা ডিজাস্টার ম্যানেজমেন্ট, এগ্রিকালচার, ফরেস্ট্রি, আর্কিটেকচার, প্ল্যানিং, ইকনমিক্স, সোশিওলজি, পলিটিক্যাল সায়েন্স, পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, সোশ্যাল ওয়ার্ক, রুর‍্যাল ডেভেলপমেন্ট, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন, এনভায়রনমেন্টাল স্টাডিজ বা সমতুল শাখায় স্নাতক ডিগ্রি। কোর্সের মেয়াদ ২ বছর।

**পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন বিগ ডেটা অ্যান্ড সাইবার সিকিউরিটি**: আসনসংখ্যা: ৬০টি। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিং বা প্রযুক্তির যে-কোনও শাখায় বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) বা বি এসসি (টেক) পাশ। অথবা কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি, ডেটা সায়েন্স, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, ইলেক্ট্রনিক্স, ফিজিক্স, ম্যাথমেটিক্স, স্ট্যাটিস্টিক্স, সাইবার সিকিউরিটি, সফটওয়্যার সিস্টেমসে বি এসসি। অথবা বি সি এ বা বি বি এ বা এল এল বি বা বি কম পাশ। অথবা স্নাতক। সে ক্ষেত্রে স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স বা স্ট্যাটিস্টিক্স বা কম্পিউটার সায়েন্স পড়ে থাকতে হবে।

**পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন মেডিক্যাল ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ইমেজিং টেকনোলজি**: আসনসংখ্যা: ৬০টি। শিক্ষাগত যোগ্যতা: বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল বা ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা কম্পিউটার সায়েন্সে বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) বা বি এসসি (টেক) পাশ। অথবা ইলেক্ট্রনিক্স, ফিজিক্স, মাইক্রোবায়োলজি, জুলজি, বটানি, বায়োটেকনোলজি, বায়ো কেমিস্ট্রি, ফিজিওলজি বা লাইফ সায়েন্সের মধ্যে যে-কোনও একটি বিষয়ে বি এসসি। অথবা এমবিবিএস, বিডিএস, বিএএমএস, বিএইচএমএস, বিইউএমএস, বিপিটি, বিওটি, বি এসসি নার্সিং, বি ফার্ম, বি এম এল টি কোর্স পাশ। এছাড়াও মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি, রেডিওলজি অ্যান্ড ইমেজিং টেকনোলজি, অপারেশন থিয়েটার টেকনোলজির মধ্যে যে-কোনও একটি বিষয়ে বি এসসি পাশরাও আবেদন করতে পারেন।

**পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ইন্ডিয়ান নলেজ সিস্টেম অ্যান্ড হেরিটেজ ইঞ্জিনিয়ারিং**। আসনসংখ্যা: ৬০টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক।

উপরোক্ত প্রতিটি কোর্সের মেয়াদ ১ বছর।

**কোর্স ফি:** সেমেস্টার প্রতি ৫০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.buruniv.ac.in আবেদনের শেষ তারিখ ২৮ অগস্ট।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ডিম পাড়া মুরগির খামার তৈরির সরকারি প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** বিশ্ব জুড়ে হাঁস-মুরগি খামার সংক্রান্ত যে-কোনও ব্যবসাই রমরমিয়ে চলছে। তাই উপার্জনের দিশা খুঁজতে পোলট্রি ফার্ম শুরু করার কথা ভাবতে পারেন। ভারতে সরকারি এবং বেসরকারি ব্যাঙ্কগুলি পোলট্রি চাষের ব্যবসা শুরু করার জন্য ঋণ দেয়। তবে ব্যবসা শুরুর আগে উপযুক্ত সংস্থা থেকে প্রশিক্ষণ নেওয়া জরুরি।

পশ্চিমবঙ্গ প্রাণিসম্পদ উন্নয়ন বিভাগের তত্ত্বাবধানে নদিয়ার বড়জাগুলির অ্যাকাডেমি অব অ্যানিম্যাল রিসোর্সেস ম্যানেজমেন্টে ডিম পাড়া মুরগির খামার তৈরি বিষয়ে চার সপ্তাহ ব্যাপী একটি প্রশিক্ষণ দেওয়া হবে। এই আবাসিক প্রশিক্ষণের জন্য কেবল পুরুষরা আবেদন করতে পারেন।

**কোর্সের নাম:** অর্থকরী ডিম পাড়া মুরগির খামার প্রতিপালন ও ব্যবস্থাপনার প্রশিক্ষণ।

**কী শেখানো হবে:** পোলট্রি পাখির প্রজাতি পরিচয়, তাদের শারীরিক গঠন, শারীরবৃত্তীয় প্রক্রিয়া, খামারবাড়ির নকশা, আধুনিক খামার পরিকল্পনা, যন্ত্র ও যন্ত্রাংশ সম্পর্কে ধারণা, ডিম পাড়া মুরগির উপর আবহাওয়ার প্রভাব, ডিম ফোটানোর জন্য ব্যবস্থাপনা, বাড়ন্ত মুরগির পরিচর্যা, ডিম দেওয়া পাখির পরিচর্যা, খামারঘরে আলোর নিয়ন্ত্রণ, পানীয় জল ও লিটার ব্যবস্থাপনা, ব্রিডার ম্যানেজমেন্ট, দৈনিক তথ্য নিবন্ধীকরণ, লেয়ার পাখির পুষ্টি, খামারের জৈব-সুরক্ষা, পাখির শব ব্যবচ্ছেদ, লেয়ার পাখির রোগ ও সংক্রমণ।

**কোর্সের মেয়াদ:** ৭ সেপ্টেম্বর থেকে ১ অক্টোবর।

**আসনসংখ্যা:** ৩০।

**যোগ্যতা:** অন্তত মাধ্যমিক বা সমতুল পাশ। পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা ও ভারতীয় নাগরিক হতে হবে।



**বয়স:** ১-১-২০২৬ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে।

**কোর্স ফি:** ১৯,৪৬৪ টাকা। থাকা, খাওয়া ও প্রশিক্ষণের খরচ এই ফি-এর অন্তর্ভুক্ত।

**ভর্তির পদ্ধতি:** ভর্তি নেওয়া হবে আগে-এলে-আগে পদ্ধতিতে।

**আবেদনের শেষ তারিখ:** ২৭ অগস্ট।

**কীভাবে আবেদন করবেন:** আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://wbldc.in ওয়েবসাইটের AARM পেজে 'Farm Management Certificate Course on Commercial Layer Farm Management' ফর্মটি পূরণ করে সাবমিট করতে হবে। তথ্য যাচাইয়ের পর নির্বাচিত ব্যক্তিকে এসএমএস অথবা ই-মেল মারফত কোর্স ফি জমা করার লিঙ্ক পাঠানো হবে। নির্বাচিত প্রার্থীদের ফি জমা দিয়ে ভর্তি হওয়ার শেষ তারিখ ২৮ অগস্ট। বিস্তারিত জানতে ফোন করতে পারেন এই নম্বরে: ৮৯৪২৮-২০৭১২। ই-মেলের মাধ্যমেও তথ্য জানতে পারেন। ই-মেল: aarmtraining@gmail.com

https://t.me/VISION_PUBLICATION

# খড়কি হাই এক্সপ্লোসিভস ফ্যাক্টরিতে কেমিক্যাল প্রোসেস ওয়ার্কার

কেমিক্যাল প্রোসেস ওয়ার্কার পদে ৮৫ জনকে নেবে মহারাষ্ট্রের খড়কি হাই এক্সপ্লোসিভস ফ্যাক্টরি। এটি প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রাথমিক ভাবে নিয়োগ করা হবে ১ বছরের চুক্তিতে। প্রার্থীর কর্মদক্ষতার ভিত্তিতে চুক্তির মেয়াদ ৪ বছর পর্যন্ত বাড়ানো হতে পারে।

প্রার্থীরা অন্তত ৩টি এবং সর্বোচ্চ ১০টি গবেষণা প্রকল্প বেছে নিতে পারবেন। প্রকল্প চলাকালীন ভারত ও কানাডার মধ্যে যাতায়াতের বিমানভাড়া, আবাসন এবং অ্যাডমিশন ফি বাবদ কোনও আর্থিক দায়ভারই প্রার্থীকে বহন করতে হবে না। ইন্টার্নরা বিশেষ বৃত্তি এবং জরুরি স্বাস্থ্য বিমার সুবিধা পাবেন।

**আসন সংখ্যা:** ৩০০।

**শিক্ষাগত যোগ্যতা:** ইঞ্জিনিয়ারিংয়ের স্নাতক অথবা কম্বাইন্ড পিজি-র পড়ুয়া হতে হবে। অন্তত ২ বছর স্নাতক স্তরের পড়াশোনা সম্পূর্ণ করে থাকলে বা বর্তমান কোর্সের দ্বিতীয় বর্ষে পাঠরত হলে আবেদন করতে পারবেন। অন্তত ৭০ শতাংশ গ্রেড থাকতে হবে।

**বয়স:** অন্তত ১৮ বছর।

**আবেদনের শেষ দিন:** ১৬ সেপ্টেম্বর।

**ইন্টার্নশিপ শুরু হবে:** ১ মে থেকে ৩১ জুলাই ২০২৭-এর মধ্যে।

**সময়সীমা:** ১২ সপ্তাহ।

প্রার্থীর ভারতের বৈধ পাসপোর্ট থাকতে হবে এবং এর মেয়াদ অন্তত ২০২৮ সালের জানুয়ারি পর্যন্ত হতে হবে। শিক্ষা-প্রতিষ্ঠানের কোনও অধ্যাপকের সুপারিশপত্রও প্রয়োজন হবে।

আবেদন করতে হবে অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন-এর এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.aicte.gov.in/ বিশদ তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই।

## সরকারি চাকরির পরীক্ষা-প্রস্তুতি কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** নেট (ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট), সেট (স্টেট এলিজিবিলিটি টেস্ট) এবং ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিসেস (ডব্লিউবিসিএস) পরীক্ষার্থীদের প্রস্তুতির জন্য রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় দু'টি কোর্স শুরু করতে চলেছে। ন্যূনতম ৫৫ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর পাশ হলে এই দু'টি কোর্সের জন্য আবেদন করা যাবে।

### কী-কী কোর্স

১) **কোর্সের নাম:** ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিসেস (ডব্লিউবিসিএস) উইথ কম্বাইন্ড এক্সামিনেশন।
কোর্সের সময়সীমা: ১ বছর। সপ্তাহে তিন বা চার দিন ক্লাস।
কোর্স ফি: ১৮,৫০০ টাকা।

২) **কোর্সের নাম:** নেট/ সেট পেপার ১ (কলা ও বাণিজ্য)।
কোর্সের সময়সীমা: ৪ মাস। (অগস্ট থেকে ডিসেম্বর) শনি ও রবিবার ক্লাস হবে।
কোর্স ফি: ৬,০০০ টাকা।

**আবেদনের ফি:** ১০০ টাকা।

**আবেদন করার পদ্ধতি:** 'আগে এলে আগে ভর্তি' নীতিতে ভর্তি নেওয়া হবে। আবেদনপত্র ডাউনলোড করে নেবেন রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইট থেকে: www.rbu.ac.in পূরণ করা আবেদনপত্র সরাসরি এসে জমা দিতে হবে বিশ্ববিদ্যালয়ে, বুধবার বাদে যে-কোনও কাজের দিন দুপুর সাড়ে বারোটা থেকে বিকেল সাড়ে পাঁচটার মধ্যে। বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ছাগল-ভেড়া পালন ও ব্যবসার সরকারি প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** ছাগল ও ভেড়া পালনের মাধ্যমে সুসংহত ব্যবসায়িক উদ্যোগ গ্রহণের প্রশিক্ষণ দেবে পশ্চিমবঙ্গ প্রাণিসম্পদ উন্নয়ন নিগমের প্রতিষ্ঠান অ্যাকাডেমি অব অ্যানিম্যাল রিসোর্সেস ম্যানেজমেন্ট। আবাসিক প্রশিক্ষণ। নদিয়ার বড়জাগুলিতে প্রতিষ্ঠানের হোস্টেলে থেকে প্রশিক্ষণ নিতে হবে।

অন্তত মাধ্যমিক পাশ হলে প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করা যাবে। বয়স হতে হবে ১৮ থেকে ৬০ বছরের মধ্যে। প্রার্থীকে পশ্চিমবঙ্গের বাসিন্দা হতে হবে।

স্বল্পমেয়াদি এই সার্টিফিকেট কোর্সটি শুরু হবে ৭ সেপ্টেম্বর, চলবে ১১ সেপ্টেম্বর পর্যন্ত। প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করা যাচ্ছে। আগে-এলে-আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। আসনসংখ্যা ৩০। আবেদনের শেষ তারিখ ৩১ অগস্ট।

থাকা-খাওয়া ও প্রশিক্ষণ বাবদ ফি ৪,৫৩১ টাকা।

ছাগল-ভেড়ার মতো প্রাণী পালনের জন্য প্রয়োজনীয় খামার গড়া, তার আধুনিক ব্যবস্থাপনা এবং প্রাণিজ পণ্য বিপণনের খুঁটিনাটি শেখা যাবে এই প্রশিক্ষণে। ছাগল-ভেড়ার মতো প্রাণীর মাংসের বিপুল চাহিদা রয়েছে বাজারে। ব্যবসার ভালো সুযোগও রয়েছে।

আগ্রহীরা আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://wbldc.in/aarm/academy-of-animal-resources-management-aarm/

## মঙ্গলগিরি এইমসে অধ্যাপক

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর, প্রফেসর এবং অ্যাডিশনাল প্রফেসর পদে ৭৯ জনকে নেবে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস। অন্ধ্রপ্রদেশের মঙ্গলগিরি ক্যাম্পাসে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: AIIMS/MG/Admin/Recruitment/03/Faculty/2026/01

**অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নিয়োগ করা হবে এই সব বিভাগে:** অ্যানিস্থেশিয়া, বার্নস অ্যান্ড প্লাস্টিক সার্জারি, কার্ডিয়োথোরাসিক অ্যান্ড ভাসকুলার সার্জারি, ডার্মাটোলজি, এন্ডোক্রিনোলজি অ্যান্ড মেটাবলিজম, গ্যাস্ট্রোএন্টেরোলজি, জেনারেল মেডিসিন, মেডিক্যাল অঙ্কোলজি, মেডিক্যাল হেমাটোলজি, মাইক্রোবায়োলজি, নেফ্রোলজি, নিউরোলজি, নিউক্লিয়ার মেডিসিন, অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনিকোলজি, অপথ্যালমোলজি, প্যাথলজি, ফিজিক্যাল মেডিসিন অ্যান্ড রিহ্যাবিলিটেশন, ফিজিয়োলজি, পালমোনারি মেডিসিন, সাইকিয়াট্রি, রেডিয়োলজি/রেডিয়োডায়াগনসিস, রিউম্যাটোলজি অ্যান্ড ক্লিনিক্যাল ইমিউনোলজি, সার্জিক্যাল গ্যাস্ট্রোএন্টেরোলজি, ট্রান্সফিউশন মেডিসিন অ্যান্ড ব্লাড ব্যাঙ্ক, ট্রমা অ্যান্ড ইমার্জেন্সি মেডিসিন, ইউরোলজি।

**অ্যাসোসিয়েট প্রফেসর নিয়োগ করা হবে এই সব বিভাগে:** কার্ডিয়োলজি, এন্ডোক্রিনোলজি অ্যান্ড মেটাবলিজম, মেডিক্যাল হেমাটোলজি, মাইক্রোবায়োলজি, নিওন্যাটোলজি, নেফ্রোলজি, নিউক্লিয়ার মেডিসিন, অপথ্যালমোলজি, পেডিয়াট্রিক সার্জারি, পেডিয়াট্রিক্স, পালমোনারি মেডিসিন, রেডিয়োলজি/রেডিয়োডায়াগনসিস, সার্জিক্যাল গ্যাস্ট্রোএন্টেরোলজি।

**অ্যাডিশনাল প্রফেসর নিয়োগ করা হবে এই সব বিভাগে:** কার্ডিয়োলজি, কার্ডিয়োথোরাসিক অ্যান্ড ভাসকুলার সার্জারি, গ্যাস্ট্রোএন্টেরোলজি, জেনারেল মেডিসিন, নিউরোলজি, নিউক্লিয়ার মেডিসিন, অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনিকোলজি, পেডিয়াট্রিক্স, রেডিয়োলজি/ রেডিয়োডায়াগনসিস, সার্জিক্যাল গ্যাস্ট্রোএন্টেরোলজি, ইউরোলজি।

**প্রফেসর নিয়োগ করা হবে এই সব বিভাগে:** বার্নস অ্যান্ড প্লাস্টিক সার্জারি, কার্ডিয়োথোরাসিক অ্যান্ড ভাসকুলার সার্জারি, ডার্মাটোলজি গ্যাস্ট্রোএন্টেরোলজি, জেনারেল মেডিসিন, নিওন্যাটোলজি, নিউরোলজি, নিউরোসার্জারি, অপথ্যালমোলজি, ফিজিয়োলজি, পালমোনারি মেডিসিন, রেডিয়োথেরাপি/রেডিয়েশন অঙ্কোলজি, সার্জিক্যাল গ্যাস্ট্রোএন্টেরোলজি, সার্জিক্যাল অঙ্কোলজি, ট্রান্সফিউশন মেডিসিন অ্যান্ড ব্লাড ব্যাঙ্ক, ট্রমা অ্যান্ড ইমার্জেন্সি মেডিসিন, ইউরোলজি।

**বয়স:** ২৬-০৯-২০২৬ তারিখে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ও অ্যাসোসিয়েট প্রফেসর পদের ক্ষেত্রে ৫০ বছর এবং প্রফেসর ও অ্যাডিশনাল প্রফেসর পদের ক্ষেত্রে ৫৮ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে ১,০১,৫০০ টাকা, অ্যাসোসিয়েট প্রফেসর পদের ক্ষেত্রে ১,৩৮,৩০০ টাকা, অ্যাডিশনাল প্রফেসর পদের ক্ষেত্রে ১,৪৮,২০০ টাকা এবং প্রফেসর পদের ক্ষেত্রে ১,৬৮,৯০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsmangalagiri.edu.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্তের শেষ তারিখ ২৬ সেপ্টেম্বর। অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করবেন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ৩,১০০ টাকা (মহিলা ও তফসিলিদের ক্ষেত্রে ২,১০০ টাকা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)।

প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ দরখাস্তের প্রিন্ট আউট-ভরা খামের উপর লিখবেন: "Application for the post of ______in the Department of _____".

দরখাস্ত স্পিড পোস্ট বা ক্যুরিয়ারের মাধ্যমে ৫ অক্টোবরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Recruitment Cell, Room No. 205, 2nd Floor, Library & Admin Building, AIIMS, Mangalagiri, Guntur District, Andhra Pradesh – 522503.

এ ছাড়াও প্রয়োজনীয় নথিপত্র, প্রার্থীর ফটো, সই-সহ দরখাস্ত স্ক্যান করে একটিই পিডিএফ ফাইলে সেভ করে ই-মেল করতে হবে এই ঠিকানায়: facultyrec@aiimsmangalagiri.edu.in

শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য আগ্রহী প্রার্থীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।




https://t.me/VISION_PUBLICATION

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি মিসলেনিয়াস

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

35. 'Yellow Book' কোন দেশের জাতীয় নথি?
(a) বেলজিয়াম (b) জাপান (c) ফ্রান্স (d) দক্ষিণ কোরিয়া
36. ভারতের প্রাচীনতম শিলা কোনটি?
(a) আর্কিয়ান (b) ধনকড় (c) গন্ডোয়ানা (d) ধারওয়াড়
37. 'মহাবিষুব দিন' কোনটি?
(a) 21 জুন (b) 23 মার্চ (c) 23 জুন (d) 21 মার্চ
38. 'রোটাংপাস গিরিখাত' কোন রাজ্যে অবস্থিত?
(a) অন্ধ্রপ্রদেশ (b) উত্তরপ্রদেশ (c) হিমাচল প্রদেশ (d) অরুণাচল প্রদেশ
39. নিম্নলিখিত কোন ভারতীয় রাজ্যটি বাংলাদেশ সীমান্তে অবস্থিত নয়?
(a) ত্রিপুরা (b) নাগাল্যান্ড (c) মেঘালয় (d) মণিপুর
40. পাকিস্তানের দীর্ঘতম নদী কোনটি?
(a) শতদ্রু (b) সিন্ধু (c) ইরাবতী (d) বিপাশা
41. কুড়াপা শ্রেণীর শিলা প্রথম কোথায় পরিলক্ষিত হয়েছিল?
(a) তামিলনাড়ু (b) অন্ধ্রপ্রদেশ (c) উত্তরপ্রদেশ (d) কেরালা
42. উষ্ণতা বৃদ্ধি পেলে দু'টি তরলের ঘর্ষণ বল:
(a) একই থাকবে (b) বৃদ্ধি পাবে (c) হ্রাস পাবে (d) শূন্য হয়ে যাবে
43. কোষপ্রাচীর দেখতে পাওয়া যায়:
(a) কেবলমাত্র উদ্ভিদকোষে (b) সব প্রাণীকোষে (c) সব জীবকোষে (d) কোনওটিতেই নয়
44. 'আমুক্তমাল্যদা' গ্রন্থটির রচয়িতা কে?
(a) প্রথম নরসিংহ (b) কৃষ্ণদেব রায় (c) তুলসী দাস (d) দ্বিতীয় দেব রায়
45. ব্লিচিং পাউডারের ঝাঁঝালো গন্ধ হয় কোন পদার্থের জন্য?
(a) Ca (b) OCl (c) Cl (d) সবক'টি
46. 'কোল বিদ্রোহ' কোথায় ঘটেছিল?
(a) গুজরাট (b) ছোটনাগপুর (c) পাঞ্জাব (d) দেরাদুন
47. সালোকসংশ্লেষে অক্ষম একটি উদ্ভিদের নাম করুন:
(a) ভলভক্স (b) মিউকর (c) ফার্ণ (d) মস
48. আনন্দবাজার পত্রিকা প্রথম কত সালে প্রকাশিত হয়েছিল?
(a) 1922 (b) 1920 (c) 1918 (d) 1916
49. 'প্লাস্টার অফ প্যারিস' কী দিয়ে তৈরি হয়?
(a) সোডিয়াম (b) পটাশিয়াম (c) ম্যাগনেসিয়াম (d) জিপসাম
50. 'হোয়াইট হাউস' কোথায় অবস্থিত?
(a) নিউইয়র্ক (b) লন্ডন (c) ওয়াশিংটন (d) মস্কো
51. এক হর্স পাওয়ার কত ওয়াটের সমান?
(a) 150 ওয়াট (b) 300 ওয়াট (c) 645 ওয়াট (d) 746 ওয়াট
52. ভারতের কোথায় প্রথম মিউনিসিপ্যাল কর্পোরেশন প্রতিষ্ঠিত হয়েছিল?
(a) মুম্বাই (b) মাদ্রাজ (c) দিল্লি (d) কলকাতা
53. 'এনার্জি কারেন্সি' কাকে বলা হয়?
(a) ATP-কে (b) GTP-কে (c) AMP-কে (d) NADP-কে
54. 'লাইফ ডিভাইন' কাকে বলা হয়?
(a) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (b) শ্রী অরবিন্দ ঘোষ (c) স্বামী বিবেকানন্দ (d) নজরুল ইসলাম
55. 'হিন্দু মেলার' আয়োজন করেন কে?
(a) তামিলনাড়ু (b) কর্ণাটক (c) অন্ধ্রপ্রদেশ (d) উত্তরপ্রদেশ
56. 'হিন্দু মেলার' আয়োজন করেন কে?
(a) কেশবচন্দ্র সেন (b) নবগোপাল মিত্র (c) স্বামী বিবেকানন্দ (d) রামমোহন রায়
57. 'ডিসকভারি অফ ইন্ডিয়া' কার লেখা?
(a) মহাত্মা গান্ধী (b) স্বামী বিবেকানন্দ (c) জওহরলাল নেহরু (d) নিরদ সি চৌধুরী
58. ক্যামেরায় কী প্রকার লেন্স ব্যবহার করা হয়?
(a) অপসারী লেন্স (b) সমাবতল সেন্স (c) অভিসারী লেন্স (d) উত্তলাবতল লেন্স
59. বনস্পতি তৈরিতে কোন গ্যাস ব্যবহৃত হয়?
(a) অ্যামোনিয়া (b) হাইড্রোজেন (c) নাইট্রোজেন (d) সালফার ডাই অক্সাইড
60. 'গণপতি উৎসব' কোন রাজ্যের প্রধান উৎসব?
(a) রাজস্থান (b) কেরালা (c) মহারাষ্ট্র (d) গুজরাট
61. 'মারাঠা' পত্রিকা সম্পাদনা করতেন কে?
(a) মুকুন্দ দাস (b) বালগঙ্গাধর তিলক (c) গোপাল কৃষ্ণ গোখলে (d) বিপিনচন্দ্র পাল
62. রাজস্থানের মরু অঞ্চলের বালিয়াড়িগুলিকে কী বলা হয়?
(a) কয়াল (b) ভলভক্স (c) ধ্রিয়ান (d) টেরেস
63. কোন সুলতান উন্নত সেচ ব্যবস্থার জন্য যথেষ্ট পরিমাণে খাল খনন করেছিলেন?
(a) ফিরোজ শাহ তুঘলক (b) আলাউদ্দিন খলজি (c) বলবন (d) ইলতুৎমিস
64. বাংলা ভাষায় প্রকাশিত প্রথম সংবাদপত্রের নাম কী?
(a) অমৃতবাজার (b) যুগান্তর (c) সমাচার দর্পণ (d) হিন্দু প্যাট্রিয়ট
65. 'সত্যমেব জয়তে' নীচের কোন বই থেকে নেওয়া হয়েছে?
(a) রামায়ণ (b) মহাভারত (c) অর্থশাস্ত্র (d) মুণ্ডক উপনিষদ
66. কৃষ্ণদেবরায় কোন রাজ্যের শাসক ছিলেন?
(a) দেবগিরি (b) উজ্জয়িনী (c) বিজয়নগর (d) দ্বারসমুদ্র
67. কোন রাজ্যে হেক্টর প্রতি গম উৎপাদন সর্বাধিক?
(a) হরিয়ানা (b) বিহার (c) উত্তরপ্রদেশ (d) পাঞ্জাব
68. ভারতের সংবিধান কে সংশোধন করতে পারে?
(a) নির্বাচন কমিশন (b) সুপ্রিম কোর্ট (c) সংসদ (d) রাষ্ট্রপতি
69. মানবিক উন্নয়ন সূচক প্রথম তৈরি হয় কত সালে?
(a) 1990 সালে (b) 1980 সালে (c) 1970 সালে (d) 1968 সালে
70. ডায়োড ভালবের কাজ হল:
(a) এটি তড়িৎপ্রবাহ হতে দেয় না (b) এটি তড়িৎপ্রবাহকে উভয় দিকে যেতে দেয় (c) এটি তড়িৎপ্রবাহকে একদিকে যেতে দেয় (d) উপরের কোনওটিই নয়
71. ইলোরা গুহা মন্দির কোন রাজ্যে অবস্থিত?
(a) রাজস্থান (b) উত্তরপ্রদেশ (c) মধ্যপ্রদেশ (d) মহারাষ্ট্র
72. 'স্বরাজ আমার জন্মগত অধিকার'— উক্তিটি কার?
(a) সুভাষচন্দ্র বসু (b) মহাত্মা গান্ধী (c) বাল গঙ্গাধর তিলক (d) জওহরলাল নেহরু
73. রাতকানা রোগ হয় কোন ভিটামিনের অভাবে?
(a) ভিটামিন-A (b) ভিটামিন-C (c) ভিটামিন-D (d) ভিটামিন-E
74. রেশম কীট কী খেয়ে বেঁচে থাকে?
(a) ঘাস (b) কীটপতঙ্গ (c) তুঁত গাছের পাতা (d) কোনওটিই নয়
75. শুষ্ক বরফ হল:
(a) তরল হাইড্রোজেন (b) কঠিন কার্বন ডাই-অক্সাইড (c) তরল আয়োডিন (d) তরল ক্লোরিন
76. কোন সংখ্যার সঙ্গে 3 দিয়ে গুণ করে 2 দিয়ে ভাগ করলে 150 হবে?
(a) 100 (b) 105 (c) 110 (d) 115
77. দু'টি সংখ্যার গ.সা.গু 4 এবং ল.সা.গু 576; একটি সংখ্যা 64 হলে অপর সংখ্যাটি কত হবে?
(a) 37 (b) 36 (c) 35 (d) 34
78. কোনও ভাগ অঙ্কের ভাজক ভাগফলের 25 গুণ ও ভাগশেষের 5 গুণ, যদি ভাগফল 16 হয় তবে ভাজ্য কত?
(a) 6465 (b) 6470 (c) 6475 (d) 6480
79. 110 মিটার লম্বা একটি ট্রেন ঘণ্টায় 72 কিলোমিটার বেগে 132 মিটার একটি সেতুকে অতিক্রম করতে কত সময় নেবে?
(a) 12.4 সেকেন্ড (b) 12.3 সেকেন্ড (c) 12.2 সেকেন্ড (d) 12.1 সেকেন্ড
80. 15150 থেকে কত বিয়োগ করলে বিয়োগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?
(a) 19 (b) 20 (c) 21 (d) 23
81. এক ব্যক্তি টাকায় 30টি লেবু ক্রয় করল। একটি লেবু টাকায় ক'টি বিক্রয় করলে 20% লাভ হবে?
(a) 22টি (b) 24টি (c) 25টি (d) 27টি
82. 5 জন লোক 5 দিনে 5টি মাদুর তৈরি করে। 20 জন লোক 20 দিনে কতগুলি মাদুর তৈরি করতে পারবে?
(a) 60টি (b) 80টি (c) 65টি (d) 85টি
83. 6টি দ্রব্যের ক্রয়মূল্য 5টি দ্রব্যের বিক্রয়মূল্যের সমান হলে, শতকরা লাভের হার কত?
(a) 15% (b) 20% (c) 25% (d) 28%
84. 'ক' কোনও কাজ 10 দিনে ও 'খ' ওই কাজ 20 দিনে শেষ করলে তারা একসঙ্গে কতদিনে কাজটি শেষ করবে?
(a) 4 দিনে (b) 5 দিনে (c) 6 দিনে (d) 8 দিনে
85. 5টি সংখ্যার গড় 15। তাদের মধ্যে প্রথম চারটি সংখ্যা হল: 10, 12, 14, 15 পঞ্চম সংখ্যাটি নির্ণয় করুন:
(a) 24 (b) 22 (c) 20 (d) 18
86. একটি সংখ্যা 20% বর্ধিত হয় এবং আবার 20% বর্ধিত হয়। শতকরা হিসেবে মূল সংখ্যার বর্ধিত কত?
(a) 41% (b) 42% (c) 43% (d) 44%
87. খ-এর বেতন গ-এর থেকে 10% বেশি। গ-এর বেতন খ-এর শতকরা কত কম?
(a) 9% (b) $9\frac{1}{11}$ % (c) 7% (d) 5%
88. একট পরীক্ষায় 40% ছাত্র অঙ্কে ফেল করে ও 30% ছাত্র ইংরেজিতে ফেল করে। 20% উভয় বিষয়ে ফেল করে। শতকরা পাশ করা ছাত্রসংখ্যা কত?
(a) 40% (b) 45% (c) 50% (d) 52%
89. 270 টাকায় একটি ঘড়ি বিক্রয় করে 10 শতাংশ ক্ষতি হল, 5 শতাংশ লাভে বিক্রি করতে হলে বিক্রয়মূল্য কত হবে?
(a) 310 টাকা (b) 315 টাকা (c) 318 টাকা (d) 320 টাকা
90. একটি কলম 60 টাকায় বিক্রয় করায় 25% লাভ হয়, কলমটির ক্রয়মূল্য কত?
(a) 48 টাকা (b) 45 টাকা (c) 42 টাকা (d) 40 টাকা
91. 600 টাকা কুইন্ট্যাল দরে গম কিনে 6.75 টাকা কিলোগ্রাম দরে বিক্রি করলে লাভের হার কত হবে?
(a) 12% (b) 12.5% (c) 13% (d) 13.5%
92. বার্ষিক 5% হারে 700 টাকার 5 বছরের সুদ কত।
(a) 130 টাকা (b) 145 টাকা (c) 160 টাকা (d) 175 টাকা
93. 3000 টাকার 5 বছরের সুদ 600 টাকা হলে বার্ষিক সুদের হার কত?
(a) 3% (b) 4% (c) 5% (d) 2%
94. 6000 টাকা বার্ষিক 10% সরল সুদে 5 বছরের জন্য জমা রাখলে যত টাকা সুদ হয়, সমপরিমাণ সুদ পেতে 5000 টাকা কত শতাংশ সরলসুদ 3 বছরের জন্য জমা রাখতে হবে?
(a) 15% (b) 18% (c) 20% (d) 22%
95. ক, খ, গ যথাক্রমে 5000, 4000 ও 6000 টাকা নিয়ে একটি ব্যবসা আরম্ভ করেন। বছরের শেষে 3750 টাকা লাভ হলে, গ-এর লভ্যাংশ কত টাকা?

https://t.me/VISION_PUBLICATION

(a) 1200 টাকা (b) 1500 টাকা (c) 1550 টাকা (d) 1600 টাকা

**উত্তর**

1(b), 2(c), 3(d), 4(a), 5(c), 6(a), 7(b), 8(c), 9(d), 10(b), 11(a), 12(b), 13(d), 14(c), 15(b), 16(b), 17(c), 18(d), 19(b), 20(d), 21(c), 22(b), 23(a), 24(c), 25(a), 26(d), 27(b), 28(c), 29(b), 30(d), 31(b), 32(b), 33(b), 34(a), 35(c), 36(a), 37(d), 38(c), 39(d), 40(b), 41(b), 42(a), 43(a), 44(b), 45(c), 46(b), 47(b), 48(a), 49(d), 50(c), 51(d), 52(b), 53(a), 54(b), 55(b), 56(b), 57(c), 58(c), 59(b), 60(c), 61(b), 62(c), 63(a), 64(c), 65(d), 66(c), 67(d), 68(c), 69(a), 70(c), 71(d), 72(c), 73(a), 74(c), 75(b), 76(a), 77(b), 78(d), 79(d), 80(c), 81(c), 82(b), 83(b), 84(c), 85(a), 86(d), 87(b), 88(c), 89(b), 90(a), 91(b), 92(d), 93(b), 94(c), 95(b).

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: সাগর রায়*

## পি এস সি মিসলেনিয়াস

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

83. যদি 5 মিটার কাপড়ের মূল্য 125 টাকা হয়, তাহলে 80 টাকায় কত দৈর্ঘ্যের কাপড় পাওয়া যাবে?
(a) 3.2 মিটার (b) 4.2 মিটার (c) 4.4 মিটার (d) 5.2 মিটার
84. একটি সংখ্যার তিনগুণের সঙ্গে দ্বিগুণ যোগ করলে 90 হয় সংখ্যাটি কত?
(a) 18 (b) 28 (c) 15 (d) 21
85. দু'টি সংখ্যার যোগফল 40 ও তাদের অন্তর 4 হলে, সংখ্যা দু'টির অনুপাত কত?
(a) 11 : 19 (b) 9 : 11 (c) 13 : 15 (d) 8 : 11
86. তেলের মূল্য 25% বৃদ্ধি পাওয়ায় তেলের ব্যবহার শতকরা কত কমালে তেল বাবদ খরচের কোনও পরিবর্তন হবে না?
(a) 15% (b) 20% (c) 25% (d) 22%
87. শঙ্কর 198 টাকায় একট টি-শার্ট বিক্রয় করায় $\frac{1}{5}$ অংশ লাভ হয়। টি-শার্টের ক্রয়মূল্য কত?
(a) 165 টাকা (b) 145 টাকা (c) 160 টাকা (d) 168 টাকা
88. একজন মোটরবাইক আরোহী 120 মিটার পথ 12 সেকেন্ডে অতিক্রম করে। আরোহীর গতিবেগ ঘণ্টায় কত কিলোমিটার?
(a) 36 কিলোমিটার/ঘণ্টা (b) 32 কিলোমিটার/ঘণ্টা (c) 30 কিলোমিটার/ঘণ্টা (d) 38 কিলোমিটার/ঘণ্টা
89. দু'টি সংখ্যার বড়টি ছোট সংখ্যার দ্বিগুণ এবং তাদের গড় 24 হলে, বড় সংখ্যাটি কত?
(a) 24 (b) 32 (c) 18 (d) 25
90. রাকেশ বাড়ি থেকে টাকা নিয়ে 70% বাজারের জন্য খরচ করার পর তার কাছে 60 টাকা রয়েছে, তাহলে কত টাকা নিয়ে বাজারে গিয়েছিল?
(a) 250 টাকা (b) 150 টাকা (c) 200 টাকা (d) 100 টাকা
91. পিতা ও দুই পুত্রের বয়সের গড় 30 বছর। দুই পুত্রের বয়সের গড় 20 বছর হলে, পিতার বয়স কত হবে?
(a) 60 বছর (b) 45 বছর (c) 40 বছর (d) 50 বছর
92. 20 লিটার দুধে 5 লিটার জল মেশানো হল। মিশ্রণে দুধের শতকরা হার কত?
(a) 45% (b) 80% (c) 65% (d) 275%
93. দাঁড় বেয়ে একটি নৌকা স্রোতের অনুকূলে ঘণ্টায় 8 কিলোমিটার এবং প্রতিকূলে ঘণ্টায় 4 কিলোমিটার যায়। নৌকার বেগ ঘণ্টায় কত কিলোমিটার?
(a) 6 কিলোমিটার/ঘণ্টা (b) 10 কিলোমিটার/ঘণ্টা (c) 7 কিলোমিটার/ঘণ্টা (d) 9 কিলোমিটার/ঘণ্টা
94. একটি ঘড়ি 200 টাকায় বিক্রি করলে যত ক্ষতি হয় 300 টাকায় বিক্রি করলে তত লাভ হয়। ঘড়িটির ক্রয়মূল্য কত?
(a) 250 টাকা (b) 245 টাকা (c) 190 টাকা (d) 260 টাকা
95. একটি সংখ্যার $\frac{3}{4}$ অংশের মান 60 হলে, সংখ্যাটির অর্ধেক কত?
(a) 40 (b) 45 (c) 80 (d) 30
96. দু'টি সংখ্যার গ.সা.গু ও ল.সা.গু যথাক্রমে 2 ও 360। একটি সংখ্যা 10 হলে অপর সংখ্যাটি কত?
(a) 72 (b) 42 (c) 78 (d) 75
97. একটি আয়তকার পার্কের দৈর্ঘ্য 40 মিটার ও প্রস্থ 30 মিটার। এর ভেতরের চারদিকে 1 মিটার চওড়া একটি রাস্তা আছে। রাস্তার ক্ষেত্রফল কত?
(a) 136 বর্গমিটার (b) 142 বর্গমিটার (c) 118 বর্গমিটার (d) 130 বর্গমিটার
98. 20 টাকা প্রতি কিলোগ্রাম ও 30 টাকা প্রতি কিলোগ্রাম দু'টি চাল সমান পরিমারে মিশিয়ে 30% লাভে বিক্রি করা হল। বিক্রয়মূল্য কত হবে?
(a) 32 টাকা 50 পয়সা (b) 33 টাকা 50 পয়সা (c) 35 টাকা 50 পয়সা (d) 30 টাকা 50 পয়সা
99. দু'টি সংখ্যার গুণফল 1536, সংখ্যা দু'টির ল.সা.গু 16 হলে গ.সা.গু কত?
(a) 88 (b) 92 (c) 98 (d) 96
100. 12 জন শ্রমিক 15 দিনে একটি কাজ শেষ করতে পারে। 20 জন শ্রমিক একই কাজ কত দিনে শেষ করবে?
(a) 5 দিনে (b) 15 দিনে (c) 9 দিনে (d) 10 দিনে

**উত্তর**

83(a), 84(a), 85(a), 86(b), 87(a), 88(a), 89(b), 90(c), 91(d), 92(b), 93(a), 94(a), 95(a), 96(a), 97(a), 98(a), 99(d), 100(c).

*এরপর এগারোর পাতায়*

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ৭৩৬৫ প্রবেশনারি অফিসার

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

Length of a piece = 13.2 cm

required number of pieces = $\frac{3.30}{13.2}$ = 25.

58(c): Let CP = ₹100

∴ SP = $75 \times \frac{124}{100} + 25 = 93 + 25$ = ₹118 ∴ gain% = 18%.

59(b): Part filled by pipe P in 1 min = $\frac{1}{12}$

Part filled by pipe Q in 1 min = $\frac{1}{15}$

Part filled by both pipes in 1 min = $\frac{1}{12} + \frac{1}{15} = \frac{5+4}{60} = \frac{9}{60}$.

Now, part filled by both pipes in 3 min = $\frac{3\times 9}{60} = \frac{27}{60} = \frac{9}{20}$

∴ remaining part = $1 - \frac{9}{20} = \frac{11}{20}$

Let the remainig part of filled by pipe Q in x min

Then, $x \times \frac{1}{15} = \frac{11}{20}$, $x = \frac{15\times 11}{20} = \frac{3\times 11}{4} = \frac{33}{4} = 8\frac{1}{4}$ min.

60(c): Total number of teachers teaching Chemistry, English and Biology = $1800 \times \frac{(23+27+12)}{100}$ = 1116.

61(b): Number of teachers in Physics = $1800 \times \frac{17}{100}$ = 306

Female teacers in Physics = $306 \times \frac{2}{9}$ = 68

Male teachers in Physics = 306 − 68 = 238

Number of teacher in Chemistry = $1800 \times \frac{23}{100}$ = 414

required percentage = $\frac{238}{414} \times 100$ = 57%.

62(c); Required ratio = $\frac{1800 \times \frac{3}{100}}{1800 \times \frac{8}{100}}$ = 13 : 8.

63(c): Required difference = $1800 \times \frac{27+17}{100} - 1800 \times \frac{(13+12)}{100}$ = 792 − 450 = 342.

64(d): Required number = $\left(1800 \times \frac{13}{100} \times \frac{150}{100}\right) + \left(1800 \times \frac{8}{100} \times \frac{75}{100}\right)$

= 351 + 108 = 459.

65(d): $17^{3.5} \times 17^{7.3} \div 17^{4.2} = 17^{?}$

⇒ $17^{3.5+7.3-4.2} = 17^{?} \Rightarrow 17^{6.6} = 17^{?}$ ∴ ? = 6.6.

**(66 to 69):** The given numbers 286 948 567 763 842.

66(b): If the second digit of each number is dropped and the first and last digits are interchanged the number becomes:

62 89 75 37 28

∴ The lowest numbers is 28, originally the number being 842.

67(d): If all the numbers are added within the numbers i.e, 286 ⇒ 2 + 8 + 6 = 16

948 ⇒ 9 + 4 + 8 = 21 ⇒ divisible by 3

567 ⇒ 5 + 6 + 7 = 18 ⇒ divisible by 3

763 ⇒ 7 + 6 + 3 = 16

842 ⇒ 8+ 4 + 2 = 14

∴ such numbers are 2.

68(c): The second highest number = 8 4 2

The lowest number = 2 8 6 ∴ Sum = 4 + 6 = 10.

69(c): If all the digits are written in ascending order within the number, 268 489 567 367 248

∴ The highest number is 567.

**(70 to 74):** The final arrangement from left to right is:

B E G D A F C H

70(a): 3 (E, G and D).

71(a): H.

72(d): Third to the left.

73(c): B, H

74(b): AD (A stands to the immediate right of D).

75(d): 7 3 8 2 5 1 4 6 9

Such paris of digits are (8, 4), (2, 6), (5, 9), (7, 8), (3, 2), (5, 4)

∴ Such pairs are more than 3.

76(d):
```
U N D E R S T A N D
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
T M C F Q R S B M C
```
(by changing the vowels to the next letter and the consonants to the previous letter)

∴ in the new arrangement, the number of vowels are ⇒ None.

83(c):
```
P    H    O    N    E
16 + 8 + 15 + 14 + 5 = 58
```
[∵ position number] 58 × 5 = 290

Similarly,
```
C   E   L    L    U    L    A   R
3 + 5 + 12 + 12 + 21 + 12 + 1 + 18 = 84
```
84 × 4 = 672.

## পি এস সি মিসলেনিয়াস

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

**সমাধান**

76(b): বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার পার্থক্য = 8 − 3= 5 অংশ = 45

1 অংশ = 45 ÷ 5 = 9

∴ মধ্যম সংখ্যাটি হল 4 × 9 = 36.

77(a): প্রথম নল দিয়ে জল পূর্ণ হয় 10 ঘণ্টায়

দ্বিতীয় নল দিয়ে সম্পূর্ণ জল খালি হয় 15 ঘণ্টায়

একসঙ্গে কাজ করলে সময় = $\frac{\text{পূর্ণ করার সময়} \times \text{খালি করার সময়}}{\text{খালি করার সময়} - \text{পূর্ণ করার সময়}}$

= $\frac{10\times 15}{15-10} = \frac{150}{5}$ = 30 ঘণ্টায়।

78(c): দু'টি ট্রেনের মোট দৈর্ঘ্য (150 + 100) = 250 মিটার

আপেক্ষিক গতি (54 + 36) = 90 কিলোমিটার/ঘণ্টা

$90 \times \frac{5}{18}$ = 25 মিটার/সেকেন্ড

সময় = (250 ÷ 25) = 10 সেকেন্ড।

79(a): প্রথম ক্ষেত্রফল = দ্বিতীয় ক্ষেত্রফল

⇒ 18 × 10 = 25 × প্রস্থ ⇒ 180 = 25 × প্রস্থ

⇒ প্রস্থ = $\frac{180}{25}$ = 7.2 সেন্টিমিটার।

80(d): উড়োজাহাজটির গতিবেগ = 320 কিলোমিটার/ঘণ্টায়

সময় = 45 মিনিট = $\frac{45}{60}$ ঘণ্টা = $\frac{3}{4}$ ঘণ্টা

∴ অতিক্রান্ত দূরত্ব = বেগ × সময় = $320 \times \frac{3}{4}$ = 240 কিলোমিটার।

81(a): পাশের সংখ্যা = 45

পাশের হার বা 100 জনের মধ্যে পাশ করে = $\frac{45\times 100}{50}$ = 90%.

82(c): বিক্রয়মূল্য = $\frac{750\times 120}{100}$ = 900 টাকা।

83(a): 125 টাকায় 5 মিটার কাপড় পাওয়া যায়

∴ 80 টাকায় পাওয়া যাবে = $\frac{5\times 80}{125}$ = 3.2 মিটার।

84(a): মনে করি, সংখ্যাটি = x

প্রশ্নানুসারে, 3x + 2x = 90

5x = 90 ∴ x = $\frac{90}{5}$ = 18.

85(a): মনে করি, সংখ্যা দু'টি A ও B

A + B = 40 এবং A − B = 40

সুতরাং, 2A = 40 + 4 = 44 ⇒ A = 22

এবং B = A − 4 = 22 − 4 = 18

∴ A : B = 22 : 18 = 11 : 9.

86(b): মনে করি, তেলের আগের মূল্য = 100 টাকা

25% বৃদ্ধি পওয়ায় = 125 টাকা

125 টাকা তেল বাবদ খরচ কমাতে (125 − 100) = 25 টাকা

∴ 100 টাকায় তেল বাবদ খরচ কমাতে = $\frac{25\times 100}{125}$ = 20 টাকা বা 20%.

87(a): ক্রয়মূল্য $\frac{1}{5}$ বলতে বোঝায়, ক্রয়মূল্য 5 অংশের ওপর লাভ হয় 1 অংশ

তাহলে, বিক্রয়মূল্যের অংশ হল (5 + 1) = 6 অংশ

∴ টি-শার্টের ক্রয়মূল্য $\frac{198}{6} \times 5$ = 165 টাকা।

88(a): 120 মিটার পথ = 0.120 কিলোমিটার

12 সেকেন্ডে অতিক্রম করে = $\frac{12}{3600} = \frac{1}{300}$ ঘণ্টা

আরোহীর গতিবেগ = $\frac{0.120}{\frac{1}{300}}$ = 0.120 × 300 = 36 কিলোমিটার/ঘণ্টায়।

89(b): মনে করি, ছোট সংখ্যাটি = x

তাহলে বড় সংখ্যাটি = 2x

∴ (x + 2x) = 24 × 2, 3x = 48, x = 16

∴ বড় সংখ্যাটি = 16 × 2 = 32.

90(c): 70% খরচ করার পর তার কাছে 30% টাকা থাকে

∴ 30 শতাংশ = 30 টাকা ∴ মোট টাকা = $\frac{60}{30} \times 100$ = 200 টাকা।

91(d): পিতা ও দুই পুত্রের বয়সের গড় 30 বছর

পিতা ও দুই পুত্রের বয়সের সমষ্টি = 30 × 3 = 90

দুই পুত্রের বয়সের সমষ্টি = 20 × 2 = 40 বছর

∴ পিতার বয়স 90 − 40 = 50 বছর।

92(b): মিশ্রণে দুধের শতকরা = $\frac{20}{25} \times 100$ = 80%.

93(a): নৌকার বেগ + স্রোতের বেগ = 8 কিমি/ঘণ্টা

নৌকার বেগ − স্রোতের বেগ = 4 কিলোমিটার/ঘণ্টা

∴ নৌকর বেগ = $\frac{8+4}{2}$ = 6 কিলোমিটার/ঘণ্টা।

94(a): মনে করি ঘড়িটির ক্রয়মূল্য x

∴ x = $\frac{200+300}{2}$ = 250 টাকা।

95(a): সংখ্যার $\frac{3}{4}$ অংশ = 60 ∴ $\frac{1}{4}$ অংশ = 60 ÷ 3 = 20

সংখ্যাটি = $60 \times \frac{4}{3}$ = 80 এবং অর্ধেক 80 ÷ 2 = 40.

96(a): আমরা জানি, দু'টি সংখ্যার গুণফল = গ.সা.গু × ল.সা.গু

∴ 10 × অপর সংখ্যা = 360 × 2

অপর সংখ্যা = $\frac{720}{10}$ = 72.

97(a): রাস্তার ক্ষেত্রফল = 2 × রাস্তা (দৈর্ঘ্য + প্রস্থ − 2 × রাস্তা)

= 2 × 1 (40 + 30 − 2 × 1) = 136 বর্গমিটার।

98(a): ক্রয়মূল্য = (20 + 30) ÷ 2 = 25 টাকা

যদি 100 টাকা দাম হলে বিক্রয়মূল্য 130 টাকা

1 টাকা দাম হলে বিক্রয়মূল্য $\frac{130}{100}$ টাকা

25 টাকা দাম হলে বিক্রয়মূল্য $\frac{130}{100} \times 25$ = 32 টাকা 50 পয়সা।

99(d): নির্ণেয় গ.সা.গু = $\frac{\text{দু'টি সংখ্যার গুণফল}}{\text{ল.সা.গু}} = \frac{1536}{16}$ = 96.

100(c): মোট কাজ = 12 × 15 =180 শ্রমিক-দিন

20 জন শ্রমিকের সময় লাগবে = 180 ÷ 20 = 9 দিন।

প্রস্তুত করেছেন: পলাশ কান্তি মণ্ডল

84(c):




85(a): Distance between point S and point L = 5m + 10m + 6 m = 21 m.

90(a): 15 + 8 × 6 ÷ 5 − 1 = ?

⇒ 15 × 8 ÷ 6 − 5 + 1

⇒ $15 \times \frac{8}{6} - 5 + 1 = \frac{40}{2} - 5 + 1 = 20 - 5 + 1$

= 21 − 5 = 16.

92(b): 3 10 27 4 16 64 5 25 125 this the wrong term

The correct term would be 9

$3 \quad 3^2 \quad 3^3 \quad 4 \quad 4^2 \quad 4^3 \quad 5 \quad 5^2 \quad 5^3$

⇒ 3 9 27 4 16 64 5 25 125

93(b): 8 A 8 B 8 C 8 = 8 + 8 − 8 × 8 = 8 + 8 − 64

= 16 − 64 = − 48.

94(c): Z X V T R P N L J H F D B

M lie is the centre of the resulting series.

95(a):
```
P   A   P   E   R
↓−1 ↓−1 ↓−1 ↓−1 ↓−1
O   Z   O   D   Q
```
Similarly,
```
P   E   N   C   I   L
↓−1 ↓−1 ↓−1 ↓−1 ↓−1 ↓−1
O   D   M   B   H   K
```
96(b):
```
L  O  S  E     G  A  I  N
↓  ↓  ↓  ↓     ↓  ↓  ↓  ↓
1  3  5  7     2  4  6  8
```
97(b):

Cricket is interesting game ⇒ la ni ki chi

Cricket team have eleven players ⇒ tic ra la dha da

Team India play fair game ⇒ su tic va yi chi

India eleven is powerful ⇒ ju ki su da

∴ powerful = ju

98(d): S C E N E

100(b): 483 ⇒ 84 (3 + 2) ⇒ 845

396 ⇒ 93(6 + 2) ⇒ 938

625 ⇒ 26(5 + 2) ⇒ 267

834 ⇒ 38(4 + 2) ⇒ 386

967 ⇒ 67(7 + 2) ⇒ 679

প্রস্তুত করেছেন: [illegible] কাঁড়ার


পেশাপ্রবেশ

চাকরির পরীক্ষায় অপ্রতিদ্বন্দ্বী

প্রতিমাসেই বেরনো মাত্র ফুরিয়ে যায়, কারণ:

- 'পেশাপ্রবেশ'-এর বিভিন্ন বিভাগ স্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকমণ্ডলীর দ্বারা প্রস্তুত।
- 'পেশাপ্রবেশ' গভীর জ্ঞান ও নিরন্তর গবেষণার উৎকৃষ্ট ফসল।
- 'পেশাপ্রবেশ'-এ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জটিল সিলেবাস ও কঠিন বিষয়ও সরল ও সুপাঠ্য হয়ে ওঠে।
- পাঁচমেশালি পরীক্ষার ভাসাভাসা প্রস্তুতি নয়, 'পেশাপ্রবেশ' মানেই প্রত্যেক পরীক্ষার পূর্ণাঙ্গ প্রস্তুতি।
- 'পেশাপ্রবেশ'-এর পাতায় পাতায় পরীক্ষার মহড়াও যেন আনন্দের।

*ফুরোবার আগেই সংগ্রহ করুন।*


https://t.me/VISION_PUBLICATION

# ডিআরডিও-তে অ্যাপ্রেন্টিসশিপ

৪১ জন তরুণ-তরুণীকে ১ বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে পুনের হাই এনার্জি মেটেরিয়াল রিসার্চ ল্যাবরেটরি। এটি কেন্দ্রীয় প্রতিরক্ষা দপ্তরের অধীনস্থ ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের একটি সংস্থা। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ ও অ্যাপ্রেন্টিসশিপ রুলস, ১৯৯২ (সময়ানুসারে সংশোধিত) অনুসারে গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে প্রশিক্ষণ দেওয়া হবে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: HEMRL/HRD/APPRENTICE/2026-27/01

**আসনসংখ্যার বিবরণ:** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং/কেমিক্যাল টেকনোলজি: ১০টি। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং: ৮টি। কম্পিউটার অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স: ৫টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং: ৩টি। কেমিস্ট্রি: ৯টি। বি এ: ৩টি। বি কম: ৩টি।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বিষয়ে বি ই বা বি টেক বা বি এ বা বি কম বা বি এসসি ডিগ্রি থাকতে হবে।

**বয়স:** অন্তত ১৮ বছর।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ১৫,০০০ টাকা।

মনে রাখবেন, প্রার্থীকে অবশ্যই ২০২২ সাল বা তার পরে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা অর্জন করে থাকতে হবে। এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে বা ১ বছর বা তার বেশি সময়ের কাজের অভিজ্ঞতা বা উচ্চতর যোগ্যতা থাকলে আবেদন করবেন না।

প্রার্থীকে প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nats.education.gov.in এরপর আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://drdo.gov.in/drdo/en/offerings/vacancies আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করবেন। প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে।

আবেদনপত্র ২৮ অগস্টের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: To The Director, HEMRL, Ministry Of Defence, DRDO, Sutarwadi, Pashan, Pune-411021

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.drdo.gov.in

# পুলিশে চলতি নিয়োগে ৭ শতাংশ ওবিসি সংরক্ষণের নীতি কার্যকর

**নিজস্ব প্রতিনিধি:** পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের অধীনে পরিচালিত, পুলিশের বিভিন্ন পদে নিয়োগের চলতি প্রক্রিয়ায় ওবিসি ক্যাটেগরির প্রার্থীদের জন্য ৭ শতাংশ শূন্যপদ সংরক্ষণের নীতি প্রযোজ্য হবে। বোর্ডের তরফে ১২ অগস্ট প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে (No. WBPRB/NOTICE-2026/04) এই সিদ্ধান্তের কথা জানিয়ে দেওয়া হয়েছে। এই নীতির প্রয়োগের ফলে ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিন্যাসও পাল্টাবে।

নতুন ওবিসি সংরক্ষণ নীতির আওতায় আসবে এই সব চলতি নিয়োগ: ১) পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল-২০২৪, ২) পশ্চিমবঙ্গ পুলিশে সাব-ইনস্পেক্টর (আর্মড ও আন-আর্মড শাখা) ২০২৪, ৩) কলকাতা পুলিশে সাব-ইনস্পেক্টর ও সাব-ইনস্পেক্টরস (আন-আর্মড শাখা), সাব-ইনস্পেক্টর (আর্মড শাখা) ও সার্জেন্ট-২০২৩, ৪) কলকাতা পুলিশে কনস্টেবল ও লেডি কনস্টেবল-২০২৪।

উল্লেখ্য, আদালতের নির্দেশ অনুসারে, পশ্চিমবঙ্গে ৬৬টি সম্প্রদায়কে ওবিসি তালিকাভুক্ত করা হয়েছে। উপরোক্ত নিয়োগগুলির ক্ষেত্রে এই ৬৬টি সম্প্রদায়ের প্রার্থীরাই ওবিসি সংরক্ষণের সুবিধা পাবেন। এর বাইরে যাঁরা ওবিসি ক্যাটেগরির প্রার্থী হিসেবে আবেদন করেছেন, তাঁরা সাধারণ ক্যাটেগরির প্রার্থী হিসেবে গণ্য হবেন বলে পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

ইতিমধ্যে, ১২ অগস্ট পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল-২০২৪-এর নিয়োগ প্রক্রিয়ার অন্তর্ভুক্ত ১১,৭৪৯টি শূন্যপদের, ক্যাটেগরি অনুসারে নতুন বিন্যাস প্রকাশ করা হয়েছে। তালিকাটি দেখা যাবে এই ওয়েবসাইটে: https://wbpolice.gov.in/writereaddata/wbp/Notice_const24_revisedvaccany.pdf আরও তথ্যের জন্য দেখবেন এই ওয়েবসাইট: https://wbpolice.gov.in/wbp/common/WBP_RecruitmentNew.aspx

# স্কলারশিপের খোঁজখবর

## কোটাক কন্যা স্কলারশিপ ২০২৬-২৭

ইঞ্জিনিয়ারিং, মেডিসিন, আর্কিটেকচার, ডিজাইনিং, ইন্টিগ্রেটেড ল-সহ অন্যান্য পেশাদারি বিষয়ের কোর্সের প্রথম বর্ষে পাঠরত মেধাবী ও আর্থিকভাবে অনগ্রসর ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে কোটাক এডুকেশন ফাউন্ডেশন। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** মোট অন্তত ৭৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ এবং উপরোক্ত যে-কোনও একটি কোর্সে ভর্তি হয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি সর্বাধিক দেড় লাখ টাকা। স্কলারশিপ শর্তসাপেক্ষে প্রতি বছর নবীকরণ করা হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/KKGS5 আবেদনের শেষ তারিখ ৩১ অগস্ট।

## রমন কান্ত মুঞ্জল স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬-২৭

বি বি এ, বি এফ আই এ, বি কম, বি এম এস, আই পি এম, বি এ (ইকনমিক্স), বি বি এস বা সমতুল বিষয়ের স্নাতক কোর্সের প্রথম বর্ষে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে রমন কান্ত মুঞ্জল ফাউন্ডেশন। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৮০ শতাংশ (দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি ৪০,০০০-৫,৫০,০০০ টাকা। স্কলারশিপের মেয়াদ ৩ বছর।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/RKMSP6 আবেদন করা যাবে ৩১ অগস্ট পর্যন্ত।

## নিকন স্কলারশিপ প্রোগ্রাম

ফটোগ্রাফির অন্তত তিন মাস বা তার বেশি মেয়াদের পেশাদারি কোর্সে প্রশিক্ষণরত ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে নিকন ইন্ডিয়া। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখ টাকার নীচে।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত উচ্চমাধ্যমিক পাশ।

**স্কলারশিপের পরিমাণ:** সর্বাধিক ১ লাখ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/NIKON14

আবেদনের শেষ তারিখ ২৪ অগস্ট।

## এস বি আই প্ল্যাটিনাম জুবিলি আশা স্কলারশিপ

নবম থেকে দ্বাদশ শ্রেণি, স্নাতক, স্নাতকোত্তর, এমবিবিএস, আইআইটি, আইআইএম কোর্সে পাঠরত মেধাবী ও আর্থিক ভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া ফাউন্ডেশন। বার্ষিক পারিবারিক আয় হতে হবে স্কুলে পাঠরতদের ক্ষেত্রে ৩ লাখ টাকা ও অন্যান্য ক্ষেত্রে ৬ লাখ টাকার নীচে। **আবেদনের যোগ্যতা:** শেষ দেওয়া পরীক্ষায় মোট অন্তত ৭৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৬৫ শতাংশ) বা সমতুল সি জি পি এ স্কোর করে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি ১৫,০০০-২০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই লিঙ্কের মাধ্যমে: www.b4s.in/karma/SBISF20

আবেদনের শেষ তারিখ ৪ সেপ্টেম্বর। *(তথ্য সহায়তা:* buddy4study*)*





1 Cr. Highest Package | 1000+ Recruiting Companies | 93%+ Placement Record | 108 Global University tie-ups | 1 Lakh+ Careers Shaped | 86+ Courses | 100% Internship Assistance | Up to 100% Scholarships available

Campus Map Index: 1. Professors' Residence, 2. VC's Residence, 3. Academic Building 1, 4. Academic Building 2, 5. Academic Building 3, 6. Engineering Workshop, 7. School of Business, 8. School of Engineering & Technology, 9. School of Media & Communication, 10. School of Education, 11. School of Law & Justice, 12. School of Liberal Arts & Culture Studies, 13. Girls' residence -1, 14. Girls' residence – 2, 15. Boys' residence -1, 16. Boys' residence -2, 17. Sports Complex, 18. Pharmacy, 19. Mini Hospital, 20. Gymnasium, 21. Spa & Salon, 22. Food Court – 1, 23. Food Court – 2, 24. Food Court -3, 25. Admissions Building, 26. Bank & ATM, 27. Helipad, 28. Subhash Mukhopadhyay Stem Cell Lab, 29. Entry Gate, 30. Departmental Store, 31. Centre for Lifelong Learning

86 + Undergraduate & Postgraduate Programs

**School of Engineering and Technology**
- B.Tech (Civil Engineering)
- B.Tech (Biomedical Engineering)
- B.Tech (Computer Science and Engineering & Business Systems)
- B.Tech (Computer Science and Engineering)
- B. Tech (Electronics and Communication Engineering)
- B.Tech (Electrical Engineering)
- B.Tech Electronics Engineering (VLSI Design and Technology)
- B.Tech (Mechanical Engineering)
- B.Tech (Robotics and Artificial Intelligence)
- B.Tech CSE (Artificial Intelligence & Machine Learning)
- B.Tech CSE (Cloud Computing)
- B.Tech CSE (Cyber Security)
- B.Tech CSE (Data Science)
- B.Tech CSE (with specialization in SAP)
- B.Tech in Artificial Intelligence & Data Science (FinTech)
- B.Tech in Artificial Intelligence & Data Science (Business Applications)
- SAP Add-on Global Certification
- BCA • M.Tech (VLSI & Embedded Systems) • M.Tech (Data Science and Digital Transformation)
- M.Tech (Structural Engineering)
- MCA

**School of Health and Medical Sciences**
- B.Pharm • B.A (Psychology)
- B.Sc (Psychology)
- B.Sc Food, Nutrition and Dietetics
- B.Sc Medical Laboratory Technology
- Bachelor of Optometry
- D.Pharm
- M.A (Psychology)
- M.Sc (Psychology)
- M.Sc (Clinical Embryology)
- M.Pharm (Pharmaceutics) / M.Pharm (Pharmacology)

**School of Basic and Applied Sciences**
- B.Sc (Chemistry)
- B.Sc (Environmental Science and Sustainability)
- B.Sc (Mathematics and Computing)
- B.Sc (Applied Statistics and Data Science)
- B.Sc (Forensic Science)
- B.Sc (Geography)
- B.Sc. (Geoinformatics)
- B.Sc (Physics) • M.Sc (Chemistry)
- M.Sc (Environmental Science and Sustainability)
- M.Sc (Forensic Science)
- M.Sc (Geography)
- M.Sc (Geoinformatics)
- M.Sc (Physics)
- M.Sc (Applied Statistics and Data Science)
- Post-M.Sc Diploma in Medical Physics

**School of Liberal Arts & Culture Studies**
- B.A (Bengali Language and Literature)
- B.A (English Language and Literature)
- B.A (Political Science & International Relations)
- B.A (Public Administration & Governance)
- B.A (Sociology)
- B.A (History) • B.Sc (Economics)
- B.A History (with Specialization in Heritage Studies)
- B.A. Sociology (with specialization in Corporate Social Responsibility and Management)
- M.A. Sociology (with specialization in Corporate Social Responsibility and Management)
- M.A (Bengali Language and Literature)
- M.A (English Language and Literature)
- M.A (History)
- M.A (Political Science & International Relations)
- M.A (Public Administration & Governance)
- M.A (Sociology) • M.Sc (Economics)

**School of Media and Communication**
- B.A (Journalism & Mass Communication)
- B.Sc (Graphics, Animation & Media Technology)
- M.A (Journalism & Mass Communication)
- M.Sc (Graphics & Animation)

**School of Life Science and Biotechnology**
- B.Sc (Microbiology)
- B.Sc (Biochemistry)
- B.Sc (Biotechnology)
- B.Tech (Biotechnology)
- B.Tech (Food Technology)
- M.Sc (Biotechnology)
- M.Sc (Microbiology)
- M.Sc (Biochemistry)

**School of Business**
- B.Com • BBA • BBA in E-Commerce
- MBA • MBA (Logistics and Supply Chain Management)
- MBA (Business Analytics)

**School of Education**
- B.A (Education) • B.Ed
- M.A (Education)

**School of Law and Justice**
- BA. LLB (Hons)
- BBA. LLB (Hons)
- LLM

**School of Smart Agriculture**
- B.Sc (Hons) Agriculture

HIGHEST 1 CRORE PER ANNUM SALARY

*Lateral entry available in all streams subject to availability. | Ph.D. offered for all courses*

Admissions CLOSING SOON for 2026-27

6292 190 233
1800 419 7423
www.adamasuniversity.ac.in
Visit us on:

CAMPUS: Adamas University, Barasat-Barrackpore Road, Barbaria, P.O Jagannathpur, District-24 Parganas (North), Kolkata-700 126, West Bengal, India CITY OFFICE: Haute Street, 86A, Topsia Road (2nd Floor), Topsia, Kolkata - 700046 STATE OFFICES: AGARTALA: Palace Compound, BK Road, Call 7005354877 GUWAHATI: 6th floor, F Fort building, Kachari basti road, Call: 6292027785 JAMSHEDPUR: 1st Floor, Seagull Apartment, Call: 9830080226 RANCHI: E 3, Ground Floor, Panchsheel Apartment, Dr Usha Rani Lane Lalpur Call: 6292030184 PATNA: Flat no-304, 3rd Floor, Hera Enclave Call: 9230986012 BHUBANESWAR: Plot No. 1, Ground Floor, In front of Sisu Bhavan Flyover, Call: 9777798807 SRINAGAR: First floor, Ashai Manzil, Baghat Chowk, Jammu & Kashmir, Srinagar-190005 DURGAPUR: 3rd Floor, Tech Building, Red cross Road, Call: 9230987169 SILIGURI: 3rd Floor, International Market, Sevoke Road, Call: 9230987168

Scan to APPLY


স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী। সম্পাদক: [illegible] ফোন: [illegible] ফ্যাক্স: [illegible]-৬৪৪৮

E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in

https://t.me/VISION_PUBLICATION